
# বার্ষিক প্রতিবেদন

## ২০২০-২০২১

২য় অংশ



**বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ**

**Bangladesh Food Safety Authority**

জীবন ও স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ খাদ্য

**খাদ্য মন্ত্রণালয়**

| ক্রমিক নং | পণ্যের নাম ও ব্র্যান্ড | প্রস্তুতকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | মামলা দায়েরের তারিখ | মামলা নং | মামলা আমলে নেয়ার তারিখ |
|---|---|---|---|---|---|
| ৩০. | তাজ আয়োডিন যুক্ত লবণ | মেসার্স তাজ সল্ট ইন্ডাঃ, স্টেশন রোড, সদর, ঝালকাঠি। | ২২-০৫-২০১৯ | ৪৬/২০১৯ | ২২-০৫-২০১৯ |
| ৩১. | নূর স্পেশাল আয়োডিন যুক্ত লবণ | মেসার্স নূর সল্ট ইন্ডাঃ, ফরিয়াপট্টি, সদর, ঝালকাঠি। | ২২-০৫-২০১৯ | ৪৩/২০১৯ | ২২-০৫-২০১৯ |
| ৩২. | এ সি আই আয়োডিন যুক্ত লবণ | এ সি আই সল্ট লিঃ, রূপগঞ্জ, নারায়নগঞ্জ। | ২২-০৫-২০১৯ | ৪৯/২০১৯ | ২২-০৫-২০১৯ |
| ৩৩. | মোল্লা সল্ট আয়োডিন যুক্ত লবণ | মোল্লা সল্ট ইন্ডাঃ (ইউনিট- ২), চর সৈয়দপুর, নারায়নগঞ্জ। | ২২-০৫-২০১৯ | ৬৩/২০১৯ | ২২-০৫-২০১৯ |
| ৩৪. | মধুমতি আয়োডিন যুক্ত লবণ | মধুমতি সল্ট ইন্ডাঃ, ফুলতলা, খুলনা। | ২২-০৫-২০১৯ | ৫৮/২০১৯ | ২২-০৫-২০১৯ |
| ৩৫. | ডলফিন মরিচ গুড়া | মেসার্স আব্বাস আলী মুদী দোকান, সাহেব বাজার, রাজশাহী। | ২২-০৫-২০১৯ | ৫৪/২০১৯ | ২২-০৫-২০১৯ |
| ৩৬. | সূর্য্য মরিচ গুড়া | মেসার্স রফিক স্টোর, সাহেব বাজার, রাজশাহী। | ২২-০৫-২০১৯ | ৬১/২০১৯ | ২২-০৫-২০১৯ |
| ৩৭. | পিওর হাটহাজারী মরিচ গুড়া | এস এস কনজ্যুমার প্রোডাঃ, চট্টগ্রাম। | ২২-০৫-২০১৯ | ২০/২০১৯ | ২২-০৫-২০১৯ |
| ৩৮. | টেস্টি, তানি ও তাসকিয়া সফট ড্রিং পাউডার | শান্ত ফুড প্রোডাঃ, কেরানীগঞ্জ, ঢাকা। | ২২-০৫-২০১৯ | ৩৮/২০১৯ | ২২-০৫-২০১৯ |
| ৩৯. | প্রিয়া সফট ড্রিং পাউডার | জাহাঙ্গির ফুড প্রোডাঃ, কামরাঙ্গিরচর, ঢাকা। | ২২-০৫-২০১৯ | ৩৬/২০১৯ | ২২-০৫-২০১৯ |
| ৪০. | প্রাণ কারি পাউডার | প্রাণ এগ্রো লিঃ, নাটোর। | ২২-০৫-২০১৯ | ৫২/২০১৯ | ২২-০৫-২০১৯ |
| ৪১. | ড্যানিশ কারি পাউডার | ড্যানিশ ফুড লিঃ, কাচঁপুর, নারায়ণগঞ্জ। | ২২-০৫-২০১৯ | ৪৮/২০১৯ | ২২-০৫-২০১৯ |
| ৪২. | বনলতা ঘি | বনলতা সুইটস এন্ড বেকারী, মিরপুর, ঢাকা। | ২২-০৫-২০১৯ | ৪০/২০১৯ | ২২-০৫-২০১৯ |
| ৪৩. | বাঘাবাড়ি স্পেশাল ঘি | বাঘাবাড়ি স্পেশাল ঘি কোং, ৩৮০/বি, দক্ষিণ গোড়ান, ঢাকা। | ২২-০৫-২০১৯ | ৩৪/২০১৯ | ২২-০৫-২০১৯ |
| ৪৪. | এসিআই পিওর ধনিয়া গুড়া | এসিআই ফুড লিঃ, সিরাজগঞ্জ। | ২২-০৫-২০১৯ | ৫০/২০১৯ | ২২-০৫-২০১৯ |
| ৪৫. | ডুডলি নুডলস | নিউজিল্যান্ড ডেইরী প্রোডাঃ বিডি লিঃ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ। | ২২-০৫-২০১৯ | ৩৩/২০১৯ | ২২-০৫-২০১৯ |
| ৪৬. | কিং ময়দা | কে আর ফুড ইন্ডাঃ লিঃ, সীতাকুন্ড, চট্টগ্রাম। | ২২-০৫-২০১৯ | ৪৪/২০১৯ | ২২-০৫-২০১৯ |
| ৪৭. | রুপসা ফারমেন্টেড মিল্ক (দই) | রূপসা ফুড প্রোডাঃ, ঈদগাহ, চট্টগ্রাম। | ২২-০৫-২০১৯ | ২১/২০১৯ | ২২-০৫-২০১৯ |
| ৪৮. | মক্কা চানাচুর | তাঈয়েবা ফুড প্রোডাঃ, সদর, বি-বাড়ীয়া। | ২২-০৫-২০১৯ | ২৩/২০১৯ | ২২-০৫-২০১৯ |
| ৪৯. | মেহেদি বিস্কুট | ইমতিয়াজ ব্রেড এন্ড ফুড প্রোডাঃ, ৩৯৯, আছাদগঞ্জ, চট্টগ্রাম। | ২২-০৫-২০১৯ | ৫৩/২০১৯ | ২২-০৫-২০১৯ |
| ৫০. | সুজি | মেসার্স নিশিতা ফুডস, বিসিক শি/ন, খাদিমনগর, সিলেট। | ২২-০৫-২০১৯ | ৪২/২০১৯ | ২২-০৫-২০১৯ |
| ৫১. | গ্রীন লেন মধু | গ্রীন লেন মিল্ক প্রোডাঃ, দৌলতপুর, খুলনা। | ২২-০৫-২০১৯ | ৩১/২০১৯ | ২২-০৫-২০১৯ |
| ৫২. | সান চিপস্ | কাশেম ফুড প্রোডাঃ লিঃ, কোনাপাড়া, গাজীপুর। | ২২-০৫-২০১৯ | ৬২/২০১৯ | ২২-০৫-২০১৯ |

খ) বিশুদ্ধ খাদ্য আদালত-০১, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, নগর ভবন ঢাকায় ২১টি নিম্নমানের পণ্য উৎপাদনকারী দায়ী ব্যক্তি/প্রতিষ্ঠানের বিরুদ্ধে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক দায়েরকৃত মামলার বিবরণী ঃ

| ক্রমিক নং | পণ্যের নাম ও ব্র্যান্ড | প্রস্তুতকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | মামলা দায়েরের তারিখ | মামলা নং | মামলা আমলে নেয়ার তারিখ |
|---|---|---|---|---|---|
| ১. | আয়োডিন যুক্ত লবণ, মুসকান | এস এ সল্ট ইন্ডা: লিঃ, পশ্চিম গোমদন্ডী, বোয়ালখালী, চট্টগ্রাম। | ১৮-০৬-২০১৯ | ৬৮/২০১৯ | ১৮-০৬-২০১৯ |
| ২. | আয়োডিন যুক্ত লবণ, কনফিডেন্স | কনফিডেন্স সল্ট লিঃ, পশ্চিম গোমদন্ডী, আগ্রাবাদ, চট্টগ্রাম। | ১৮-০৬-২০১৯ | ৬৯/২০১৯ | ১৮-০৬-২০১৯ |
| ৩. | আয়োডিন যুক্ত লবণ, উট | বিসমিল্লাহ সল্ট ফ্যাক্টরী, টিন বাজার, পুরান বাজার, সদর, চাঁদপুর। | ১৮-০৬-২০১৯ | ৭৩/২০১৯ | ১৮-০৬-২০১৯ |
| ৪. | আয়োডিন যুক্ত লবণ, নজরুল | জনতা সল্ট মিলস, ১০১১/৯৪৪, টিন বাজার, পুরান বাজার, সদর, চাঁদপুর। | ১৮-০৬-২০১৯ | ৮০/২০১৯ | ১৮-০৬-২০১৯ |
| ৫. | লাচ্ছা সেমাই, মদিনা | জে কে ফুড প্রোডাঃ, সদর, ঝালকাঠি। | ১৮-০৬-২০১৯ | ৮৪/২০১৯ | ১৮-০৬-২০১৯ |
| ৬. | লাচ্ছা সেমাই, কুলসন | হাসেম ফুডস লিঃ, নারায়ণগঞ্জ। | ১৮-০৬-২০১৯ | ৬৪/২০১৯ | ১৮-০৬-২০১৯ |
| ৭. | বাটার ওয়েল, গ্রীন মাউন্টেন | কুইন কাউ ফুড প্রোডাঃ, ২১৮/আছি মিয়া রোড, রাজাখালী, চট্টগ্রাম। | ১৮-০৬-২০১৯ | ৮২/২০১৯ | ১৮-০৬-২০১৯ |
| ৮. | ঘি, এ-৭ | যমুনা কেমিক্যাল ওয়ার্কস, হামজা লেইন, হামজারবাগ, পাঁচলাইশ, ষোলশহর, চট্টগ্রাম। | ১৮-০৬-২০১৯ | ৮৩/২০১৯ | ১৮-০৬-২০১৯ |
| ৯. | ঘি, প্রাণ প্রিমিয়াম | প্রাণ ডেইরী লিঃ, বাগপাড়া, পলাশ, নরসিংদী। | ১৮-০৬-২০১৯ | ৬৬/২০১৯ | ১৮-০৬-২০১৯ |
| ১০. | ঘি, খুসবু | এগ্রো অর্গানিক প্রোডাঃ লিঃ, ঢাকা। | ১৮-০৬-২০১৯ | ৮১/২০১৯ | ১৮-০৬-২০১৯ |
| ১১. | জিরার গুড়া, রাধুনী | স্কয়ার ফুড এন্ড বেভারেজ লিঃ, মেরিল রোড, শালগাড়িয়া, পাবনা। | ১৮-০৬-২০১৯ | - | ১৮-০৬-২০১৯ |
| ১২. | ধনিয়ার গুড়া, রাধুনী | স্কয়ার ফুড এন্ড বেভারেজ লিঃ, মেরিল রোড, শালগাড়িয়া, পাবনা। | ১৮-০৬-২০১৯ | ৬৭/২০১৯ | ১৮-০৬-২০১৯ |
| ১৩. | হলুদের গুড়া, থ্রি স্টার | থ্রি স্টার ফ্লাওয়ার মিল, ৩ নং ফকিরহাট বাজার, গোসাইলডাংগা, বন্দর, চট্টগ্রাম। | ১৮-০৬-২০১৯ | ৭৩/২০১৯ | ১৮-০৬-২০১৯ |
| ১৪. | সফট ড্রিংক পাউডার, ফসটার ক্লার্ক | ফসটার ক্লার্ক প্রোডাঃ (প্রাঃ) লিঃ আমদানিকারক: মারিয়া ফুড প্রোডাঃ, বাড়ী নং-২৪/এ, রোড-৪২, গুলশান-২, ঢাকা। | ১৮-০৬-২০১৯ | ৭৪/২০১৯ | ১৮-০৬-২০১৯ |
| ১৫. | ধনিয়ার গুড়া, থ্রি স্টার | থ্রি স্টার ফ্লাওয়ার মিল, ৩নং ফকিরহাট বাজার, গোসাইলডাংগা, বন্দর, চট্টগ্রাম। | ১৮-০৬-২০১৯ | ৭২/২০১৯ | ১৮-০৬-২০১৯ |
| ১৬. | আয়োডিনযুক্ত লবণ, প্রাণ | এস এ সল্ট ইন্ডাঃ লিঃ, পশ্চিম গোমদন্ডী, বোয়ালখালী, চট্টগ্রাম। | ১৮-০৬-২০১৯ | ৬৫/২০১৯ | ১৮-০৬-২০১৯ |
| | | মার্কেটেড বাইঃ বঙ্গ মিলারস লিমিটেড, ঢাকা। | | | |

| ক্রমিক নং | পণ্যের নাম ও ব্র্যান্ড | প্রস্তুতকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | মামলা দায়েরের তারিখ | মামলা নং | মামলা আমলে নেয়ার তারিখ |
|---|---|---|---|---|---|
| ১৭. | জিরার গুড়া, সামগ্রী | সামগ্রী কনজ্যুমার প্রোডাক্টস, ৫১১, মিয়াখান নগর, দক্ষিণ বাকলিয়া, চট্টগ্রাম। | ১৮-০৬-২০১৯ | ৭১/২০১৯ | ১৮-০৬-২০১৯ |
| ১৮. | কারী পাউডার, সামগ্রী | সামগ্রী কনজ্যুমার প্রোডাক্টস, ৫১১, মিয়াখান নগর, দক্ষিণ বাকলিয়া, চট্টগ্রাম। | ১৮-০৬-২০১৯ | ৭৫/২০১৯ | ১৮-০৬-২০১৯ |
| ১৯. | ঘি, ফেমাস | ফেমাস ফুড এন্ড বেভারেজ, চান্দগাঁও, চট্টগ্রাম। | ১৮-০৬-২০১৯ | ৭৯/২০১৯ | ১৮-০৬-২০১৯ |
| ২০. | ঘি, এস বি বেস্ট | এস বি এন্টারপ্রাইজ, ৮২, চটেশ্বরী রোড, দামপাড়া, চট্টগ্রাম। | ১৮-০৬-২০১৯ | ৭৮/২০১৯ | ১৮-০৬-২০১৯ |
| ২১. | ধনিয়ার গুড়া | খাজা তৈয়বিয়া ফ্লাওয়ার মিল, ফরিকহাট রোড, বন্দর, চট্টগ্রাম। | ১৮-০৬-২০১৯ | ৭৭/২০১৯ | ১৮-০৬-২০১৯ |

### গ) বছরভিত্তিক প্রত্যাহারকৃত অনিরাপদ আমদানীকৃত খাদ্য সংক্রান্ত তথ্যঃ

| ক্রমিক | অর্থবছর | মোট প্রত্যাহারকৃত খাদ্য | প্রত্যাহারকৃত খাদ্যের নাম | ব্যান্ড ও ব্যাচ | প্রত্যাহারের কারণ |
|---|---|---|---|---|---|
| ১. | ২০১৭-১৮ | সকল পণ্য (১৯,৫৮১.১১ কার্টুন) | গুড়ো দুধ বেবি কেয়ার ওয়ান, টু, থ্রি এবং এমএফ | ফ্রান্সের ল্যাকটালিস (Lactalis) কোম্পানি কর্তৃক উৎপাদিত এবং জেস ইন্টারন্যাশনাল (Jes International) কর্তৃক আমদানিকৃত ও বাজারজাতকৃত | সালমোনেলা এগোনা নামক জীবাণুর উপস্থিতি |



বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সদস্য শাহনওয়াজ দিলরুবা খান এর নেতৃত্বে খাদ্যের গুণগতমান পরীক্ষা করার নিমিত্তে বাজার মনিটরিং কার্যক্রম



ময়মনসিংহ জেলার একটি বেকারী কারখানায় মানহীন খাদ্য জব্দকরণ

## ফ্রান্সের ল্যাকটালিস (Lactalis) কোম্পানি কর্তৃক উৎপাদিত এবং জেস ইন্টারন্যাশনাল (Jes International) কর্তৃক আমদানিকৃত ও বাজারজাতকৃত খাদ্য পণ্য প্রত্যাহারের নিমিত্তে প্রকাশিত গণবিজ্ঞপ্তি

### শিশু খাদ্য (Baby Milk) BABY CARE 1, BABY CARE 2, BABY CARE 3, BABY CARE MF এর সকল ব্যাচ বাজার হতে প্রত্যাহার সংক্রান্ত বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের

# গণবিজ্ঞপ্তি

সর্বসাধারনের অবগতি ও সতর্কীকরনের জন্য জানানো যাচ্ছে যে, ফ্যান্স এর LACTALIS GROUP তাদের উৎপাদিত সকল ব্যাচের BABY CARE 1, BABY CARE 2, BABY CARE 3, BABY CARE MF বাজার হতে প্রত্যাহারের ঘোষনা প্রদান করেছে। উল্লেখ্য যে, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক বাংলাদেশের বাজার হতে কয়েকটি ব্যাচের BABY CARE গুড়ো দুধ ইতোমধ্যেই প্রত্যাহার করা হয়েছে। এই গণবিজ্ঞপ্তি প্রচারের মাধ্যমে BABY CARE সকল ব্যাচের গুড়ো দুধ অনতিবিলম্বে বাজার হতে প্রত্যাহারের নিদের্শ প্রদান করা হলো।

এমতাবস্থায়, সংশ্লিষ্ট আমদানিকারক, সরবরাহকারী, পাইকারি ও খুচরা বিক্রেতা, গ্রাহক, অভিভাবক, শিশু চিকিৎসকগণ উক্ত শিশুখাদ্যসমূহ আমদানি, বিক্রয় এবং ব্যবহার না করার জন্য সতর্ক করা হলো। আমদানিকারক প্রতিষ্ঠান JES International কে BABY CARE এর সকল ব্যাচের গুড়ো দুধ জরুরী ভিত্তিতে বাজার হতে প্রত্যাহার করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

নিরাপদ খাদ্য আইন ২০১৩ এর ধারা ৪৩ অনুসরণপুর্বক বাজার হতে উক্ত শিশুখাদ্য প্রত্যাহার এবং ব্যাবহার না করার বিষয়ে জনসাধারণকে অবহিত করার বাধ্যবাধকতা থাকায় উক্ত আমদানিকারক এবং সরবরাহকারীকে অনতিবিলম্বে জরুরী গণবিজ্ঞপ্তি প্রচারের অনুরোধ করা হলো।

এ গণবিজ্ঞপ্তি প্রচারের পরেও নির্দেশ লঙ্গনকারীদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

**বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ**
**Bangladesh Food Safety Authority**
জীবন ও স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ খাদ্য

**খাদ্য মন্ত্রণালয়**

৭১-৭২ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।
ফোন: ৫৫১৩৮৬০৯, ফ্যাক্স: ৫৫১৩৮৬০১/৬০২
ই-মেইল- info@bfsa.gov.bd, ওয়েব- www.bfsa.gov.bd

# ১৩.০ কর্তৃপক্ষের গবেষণা ও প্রকল্প সংক্রান্ত কার্যক্রম:

## ১৩.১ কর্তৃপক্ষের প্রকল্প সংক্রান্ত কার্যক্রম

নিরাপদ খাদ্য আইন, ২০১৩ এর ক্ষমতা বলে ফেব্রুয়ারি, ২০১৫ তে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ প্রতিষ্ঠা লাভ করে। এ প্রতিষ্ঠানের জন্য প্রয়োজনীয় বিধি, প্রবিধি, প্রশিক্ষণ, কমিটি গঠন ও অন্যান্য কারিগরি সহায়তা প্রদানের লক্ষ্যে USAID ও FAO এর সহযোগিতায় খাদ্য মন্ত্রণালয় কর্তৃক ৪৬৭০.১৪ লক্ষ টাকা ব্যয়ে "Institutionalization of Food Safety in Bangladesh for Safer Food" শীর্ষক প্রকল্প ২০১৪ থেকে ডিসেম্বর, ২০১৯-এ বাস্তবায়িত হয়। বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ ইতোমধ্যে প্রয়োজনীয় জনবল নিয়োগ সম্পন্ন করেছে। কারিগরি জ্ঞান সম্পন্ন এ জনবলের সর্বোচ্চ ব্যবহার এবং দেশে নিরাপদ খাদ্য ব্যবস্থাপনার উন্নয়নের লক্ষ্যে একাধিক প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তন্মধ্যে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্পটি একনেক কর্তৃক অনুমোদন করা হয়েছে। ২০২১-২০২২ অর্থবছর হতে যার বাস্তবায়ন কার্যক্রম শুরু হবে। এছাড়া, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের জন্য স্থায়ীভাবে প্রধান কার্যালয় প্রতিষ্ঠা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট স্থাপন করার লক্ষ্যে ইতোমধ্যে প্রকল্প প্রণয়নের কার্যক্রম শুরু হয়েছে। সেইসাথে, একটি রেফারেন্স ল্যাবরেটরি প্রতিষ্ঠার জন্যেও JICA-এর সাথে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ যৌথভাবে কার্যক্রম শুরু করেছে।

২০২০-২১ অর্থবছরে বেশ কয়েকটি ছোট আকারের প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে এবং বৃহৎ কয়েকটি প্রকল্প প্রণয়নের কাজ করেছে। এরমধ্যে দুটি প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম ২০২১-২০২২ অর্থবছর হতে শুরু হবে।

### ক) ২০২০-২০২১ অর্থবছরে অনুমোদিত এবং ২০২১-২২ অর্থবছর হতে বাস্তবায়নাধীন প্রকল্প সংক্রান্ত তথ্য:

| প্রকল্পের নাম | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সক্ষমতা বৃদ্ধিকরণ |
|---|---|
| মেয়াদ | ০১ জুলাই, ২০২১ খ্রি.- ৩১ ডিসেম্বর, ২০২৪ খ্রি. |
| প্রকল্প ব্যয় | ৮৮০৫.৯৩ লক্ষ টাকা |
| অর্থায়ন | বাংলাদেশ সরকার |
| অনুমোদন | একনেক কর্তৃক ৩০-০৬-২০২১ তারিখে প্রকল্প অনুমোদনের সরকারি আদেশ জারি হয়েছে। |
| উদ্দেশ্য | ১। খাদ্যে ভেজাল ও দূষণ রোধ করার লক্ষ্যে খাদ্য ও খাদ্যোপকরণ তাৎক্ষণিক বিশ্লেষণ সুবিধার জন্য প্রয়োজনীয় সংখ্যক মোবাইল ল্যাবরেটরি চালু করা এবং খাদ্য নমুনা বিশ্লেষণের জন্য বিএফএসএ প্রধান কার্যালয়ে মিনি ল্যাবরেটরি ও কেমিকেল স্টোর স্থাপন করা;<br>২। বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে কর্তৃপক্ষের কর্মকর্তা, কর্মচারি, অংশীজন এবং সংশ্লিষ্ট খাদ্যব্যবসায়ীদের নিরাপদ খাদ্য বিষয়ে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা;<br>৩। বিএফএসএ প্রধান কার্যালয়ে ডাটাবেইজ তৈরীর মাধ্যমে সারাদেশের খাদ্যস্থাপনা, রেস্তোরাঁ ও বাজার ইত্যাদির হালনাগাদ তথ্য সংরক্ষণ ও নজরদারি (Surveillance) কার্যক্রম জোরদার করা;<br>৪। জনস্বাস্থ্যের জন্য ঝুঁকিপূর্ণ খাদ্য সম্পর্কে জনসাধারণের অভিযোগ, আপত্তি, মতামত, পরামর্শ ও করণীয় সম্পর্কে অবহিত করার জন্য অনলাইন কল সেন্টার স্থাপন;এবং<br>৫। জাতীয় নিরাপদ খাদ্য দিবসসহ অনুরূপ অন্যান্য দিবসে র‍্যালি এবং প্রচার/প্রচারণা, টিভি ক্লিপ (TVC), ভিডিও ইত্যাদি প্রচার এবং বিভিন্ন প্রকাশনা (বুকলেট, লিফলেট, গাইডলাইনস, এসওপি) ইত্যাদি প্রকাশ ও বিতরণের মাধ্যমে নিরাপদ খাদ্য বিষয়ে সারাদেশে জনসচেতনতা বৃদ্ধি করা। |

খ) ২০২০-২১ অর্থবছরে প্রণীত এবং চূড়ান্ত পর্যায়ে রয়েছে এমন প্রকল্প সংক্রান্ত তথ্য:

| ক্র. নং | প্রকল্পের নাম | প্রস্তাবিত মেয়াদ | প্রস্তাবিত প্রকল্প ব্যয় | প্রস্তাবিত অর্থায়ন | উদ্দেশ্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | Strengthening the Inspection, Regulatory and Coordinating function of the Bangladesh Food Safety Authority | ০১ জুলাই, ২০২১ থেকে ৩০ জুন, ২০২৬ | ৪৪৩২.৯৫ লক্ষ টাকা | বাংলাদেশ-সরকার ১৪৫২.৩৫ + প্রকল্প সাহায্য (জাইকা) ২৯৮০.৬ লক্ষ টাকা | • বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সক্ষমতা বৃদ্ধি ও নিরাপদ খাদ্য নিয়ন্ত্রণ ব্যবস্থার উন্নয়ন।<br>• বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের পরীক্ষা ও ল্যাবরেটরি ব্যবস্থাপনার উন্নয়ন।<br>• মনিটরিং ও পরিদর্শন ব্যবস্থার উন্নয়ন। নিরাপদ খাদ্যব্যবস্থাপনা সম্পর্কিত জন সচেতনতামূলক কার্যক্রম।<br>• আন্তঃপ্রাতিষ্ঠানিক সহযোগিতা জোড়দার। | প্রকল্পের TAPP প্রণীত হয়েছে এবং তা খাদ্য মন্ত্রণালয় কর্তৃক মূল্যায়ন করা হয়েছে। খাদ্য মন্ত্রণালয় কর্তৃক অনুমোদনের পর এটি পরিকল্পনা মন্ত্রণালয়ে প্রেরিত হবে। |

গ) ২০২০-২১ অর্থবছরে প্রণয়ন কাজ শুরু হয়েছে এমন প্রকল্প সংক্রান্ত তথ্য:

| ক্র. নং | প্রকল্পের নাম | উদ্দেশ্য | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের প্রধান কার্যালয় ও রেফারেন্স ল্যাবরেটরি এবং খাদ্য মন্ত্রণালয়ের প্রশিক্ষণ ইনস্টিটিউট স্থাপন | ঢাকা সিএসডিতে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের প্রধান কার্যালয় ও রেফারেন্স ল্যাবরেটরি এবং খাদ্য মন্ত্রণালয়ের প্রশিক্ষণ ইনস্টিটিউট স্থাপন করার লক্ষ্য। | ক) ঢাকা সিএসডিতে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের প্রধান কার্যালয় ও রেফারেন্স ল্যাবরেটরি এবং খাদ্য মন্ত্রণালয়ের প্রশিক্ষণ ইনস্টিটিউট স্থাপন করার লক্ষ্যে প্রাথমিকভাবে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক প্রকল্পের মাষ্টারপ্ল্যান, 3D ও ভিডিও এ্যানিমেশন তৈরি সম্পন্ন হয়েছে।<br>খ) কেন্দ্রীয় রেফারেন্স ল্যাবরেটরি প্রতিষ্ঠার বিষয়ে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ এবং JICA, Bangladesh এর মধ্যে যোগাযোগ ও তথ্য আদান প্রদান অব্যাহত রয়েছে। শীঘ্রই প্রকল্প প্রণয়েনর কাজ শুরু হবে। |

## ১৩.২ কর্তৃপক্ষের গবেষণাধর্মী কার্যক্রম

কর্তৃপক্ষ সারাবছরব্যাপী বিভিন্ন বিষয়ে গবেষণাধর্মী কাজ করে থাকে। এক্ষেত্রে বিভিন্ন দেশি-বিদেশি সংস্থার সহযোগিতা নেয়া হয়ে থাকে।

### ক) ২০২০-২১ অর্থবছরে কর্তৃপক্ষ বিভিন্ন প্রতিষ্ঠানকে গবেষণা সংক্রান্ত কাজে সহায়তা সংক্রান্ত তথ্যঃ


| ক্র. নং | গবেষণার/প্রকল্পের নাম | বাস্তবায়নকারী সংস্থা | বি এফ এস এ- এর ভূমিকা |
|---|---|---|---|
| ১. | Safety assessment of edible oils sold in open drum in Bangladesh | বাস্তবায়নকারী সংস্থা শিল্প মন্ত্রণালয় | খোলা ড্রামের ভোজ্য তেলের অবস্থা যাচাই, কাঁচামাল সংগ্রহে সহায়তা প্রদান এবং খাদ্য নিরাপদতা সম্পর্কিত কারিগরি সহায়তা ও পরামর্শ প্রদান করা হয়। |
| ২. | Used cooking oil recycling | A2i, আইসিটি বিভাগ | এক্ষেত্রে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কাঁচামাল পেতে সহায়তা প্রদান এবং খাদ্য নিরাপদতা সম্পর্কিত কারিগরি সহায়তা প্রদান করে। |
| ৩. | Assessment of microbial and chemical contaminants in the food chain of tilapia fish and poultry in Bangladesh | বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় | তেলাপিয়া মাছ এবং ব্রয়লার মুরগীর খাদ্য তালিকায় দূষক নিরূপণের গবেষণা প্রকল্পে সহায়তা প্রদান। |
| ৪. | Trans Fat নিয়ে গবেষণা | ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন | ট্রান্স ফ্যাট নিয়ন্ত্রণে হার্ট ফাউন্ডেশন কে গবেষণা কাজে সহায়তা প্রদান। |



বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ ও জাইকার মধ্যে "রেকর্ড অব ডিসকাশন" স্বাক্ষর অনুষ্ঠানে বক্তব্য রাখছেন মাননীয় খাদ্যমন্ত্রী জনাব সাধন চন্দ্র মজুমদার, এমপি



বিভাগীয় পর্যায়ে নির্মাণাধীন ফুড টেস্টিং ল্যাবরেটরী পরিদর্শন করছেন কর্তৃপক্ষের সম্মানিত সদস্য জনাব মঞ্জুর মোর্শেদ আহমেদ ও অতিরিক্ত পরিচালক জনাব মো: কাওছারুল ইসলাম সিকদার



টেকসই উন্নয়ন - সমৃদ্ধ দেশ
নিরাপদ খাদ্যের বাংলাদেশ
খাদ্য পরীক্ষা ও বিশ্লেষণ
আইন প্রয়োগ
সমন্বয় ও প্রশিক্ষণ
সচেতনতা বৃদ্ধি
বাংলাদেশ নিরাপদ খাদ্য
কর্তৃপক্ষের কার্যক্রম
জাতীয় নিরাপদ খাদ্য দিবস
২ ফেব্রুয়ারি ২০২১
খাদ্য নিরাপদতার
মূলনীতিসমূহ
পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় রাখা
সঠিক ভাবে রান্না করা
কাঁচা ও রান্না করা খাদ্য পৃথক রাখা
সঠিক তাপমাত্রায় খাদ্য সংরক্ষণ
অভিযোগ
৩৩৩
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
Bangladesh Food Safety Authority
জীবন ও স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ খাদ্য
খাদ্য মন্ত্রণালয়

# ১৪.০ কর্তৃপক্ষের প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রম:

## ১৪.১ অভ্যন্তরীণ (ইন-হাউজ) প্রশিক্ষণের বিবরণ:

দক্ষতা বিকাশের জন্য প্রশিক্ষণের বিকল্প নেই। তাই কর্তৃপক্ষ বছরব্যাপী তাঁর কর্মকর্তাদের বুনিয়াদি প্রশিক্ষণসহ বিভিন্ন ধরণের অভ্যন্তরীণ (ইন-হাউজ) প্রশিক্ষণের ব্যবস্থা করেছে।

### ক) ২০২০-২১ অর্থবছরে কর্তৃপক্ষ কর্তৃক আয়োজিত বুনিয়াদি ও বিভাগীয় প্রশিক্ষণের বিবরণ:

| ক্রমিক | প্রশিক্ষণের নাম | প্রশিক্ষণার্থী | তারিখ | স্থান/অনলাইন | অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ১. | বুনিয়াদি প্রশিক্ষণ | ৯ম গ্রেডের নবনিয়োগকৃত কর্মকর্তাগণ | ১৮/০৮/২০২০-০১/১০/২০২০ | বিয়াম ফাউন্ডেশন, ঢাকা | ৩২ |
| | | | ১৮/০৮/২০২০-০১/১০/২০২০ | বিয়াম ফাউন্ডেশন, বগুড়া | ৩৪ |
| | | | ০৮/০৯/২০২০-২২/১০/২০২০ | বিয়াম ফাউন্ডেশন, কক্সবাজার | ২৮ |
| মোট বুনিয়াদি প্রশিক্ষণপ্রাপ্ত | | | | | ৯৪ |
| ২. | বিভাগীয় প্রশিক্ষণ | ৯ম গ্রেডের নবনিয়োগকৃত কর্মকর্তাগণ | ২৩/০৮/২০২০-০৬/০৯/২০২০ | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | ২৯ |
| | | | ০৫/১০/২০২০-১৫/১০/২০২০ | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের বিজয়-৭১ অডিটরিয়াম | ৩৩ |
| | | | ০৫/১০/২০২০-১৫/১০/২০২০ | জাতীয় মহিলা সংস্থা | ৩৩ |
| মোট বিভগীয় প্রশিক্ষণপ্রাপ্ত | | | | | ৯৫ |
| সর্বমোট | | | | | ১৮৯ |

### খ) ২০২০-২১ অর্থবছরে কর্তৃপক্ষ কর্তৃক আয়োজিত ইন-হাউজ প্রশিক্ষণের বিবরণ:

| ক্রমিক | প্রশিক্ষণের নাম | প্রশিক্ষণার্থী | তারিখ | স্থান/অনলাইন | অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ১. | ই- ফিইলিং বিষয়ক ইনহাউস প্রশিক্ষণ | প্রধান কার্যালয়ের ৯ম গ্রেডের কর্মকর্তাগণ | ২৮/১০/২০২০ ২৯/১০/২০২০ | ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, নীলক্ষেত | ৩২ |
| ২. | এপিএ বিষয়ক ইনহাউজ প্রশিক্ষণ | প্রধান কার্যালয়ের ৯ম গ্রেড ও তদূর্ধ্ব কর্মকর্তা | ০৩/১২/২০২০ | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের বিজয়-৭১ অডিটরিয়াম | ৫০ |
| ৩. | ইনহাউজ প্রশিক্ষণ | প্রধান কার্যালয়ের ৯ম গ্রেডের কর্মকর্তাগণ | ২৪/১২/২০২০ | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের বিজয়-৭১ অডিটরিয়াম | ৩০ |

| ক্রমিক | প্রশিক্ষণের নাম | প্রশিক্ষণার্থী | তারিখ | স্থান/অনলাইন | অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ৪. | সুশাসন সংক্রান্ত ইনহাউজ প্রশিক্ষণ | প্রধান কার্যালয়ের ১০ম গ্রেড ও তদূর্ধ্ব কর্মকর্তা | ২৬/১২/২০২০ | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের বিজয়-৭১ অডিটরিয়াম | ৫০ |
| ৫. | SDG ও বাজেট বিষয়ে ইন হাউজ প্রশিক্ষণ | প্রধান কার্যালয়ের ১০ ম গ্রেড ও তদূর্ধ্ব কর্মকর্তা | ২৩/০৩/২০২১ | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের বিজয়-৭১ অডিটরিয়াম | ৫১ |
| ৬. | ইন-হাউজ প্রশিক্ষণ (৬০ ঘন্টা) | প্রেষণে কর্মরত কর্মকর্তাগণ | জুলাই ২০২০ থেকে জুন ২০২১ | অফলাইন ও অনলাইন পাটফর্ম (জুম) | ২৫ |
| ৭. | ইন-হাউজ প্রশিক্ষণ (৬০ ঘন্টা) | ৯ম গ্রেড | জুলাই ২০২০ থেকে জুন ২০২১ | অফলাইন ও অনলাইন পাটফর্ম (জুম) | ৯৩ |
| ৮. | নমুনা সংগ্রহ বিষয়ক ইন-হাউজ প্রশিক্ষণ | নমুনা সংগ্রহ সহকারী | ০৮/০৩/২০২১ | অনলাইন পাটফর্ম (জুম) | ২১ |
| ৯. | নমুনা সংগ্রহ বিষয়ক ইন-হাউজ প্রশিক্ষণ | নমুনা সংগ্রহ সহকারী | ০৯/০৩/২০২১ | অনলাইন পাটফর্ম (জুম) | ২১ |
| ১০. | ইন-হাউজ প্রশিক্ষণ | নমুনা সংগ্রহ সহকারী | ০৫/০৬/২০২১- ১১/০৬/২০২১ | অনলাইন পাটফর্ম (জুম) | ৪২ |
| ১১. | ইন-হাউজ প্রশিক্ষণ (৬০ ঘন্টা) | ১৩-১৬ গ্রেড | জুলাই ২০২০ থেকে জুন ২০২১ | অফলাইন ও অনলাইন পাটফর্ম (জুম) | ২৮ |
| | | | মোট | | ৪৪৩ জন |

## ১৪.২ কর্তৃপক্ষ ও অন্য সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক আয়োজিত যৌথ প্রশিক্ষণের বিবরণ:

বছরব্যাপী বিভিন্ন দেশীয় ও আন্তর্জাতিক সংস্থা (যেমন- FAO, USDA, Alcumus, IFC, Kansas State University, GTI, ইত্যাদি) বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের নতুন কর্মকর্তাদের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে কর্তৃপক্ষের সাথে যৌথভাবে বিভিন্ন প্রশিক্ষণ/কর্মশালার আয়োজন করেছে। এর মাধ্যমে কর্তৃপক্ষের নব নিয়োগকৃত কর্মকর্তারা তাঁদের দক্ষতা বৃদ্ধির সুযোগ পেয়েছে এবং পাশাপাশি উন্নত রাষ্ট্রের নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সম্পর্কে জানতে পেরেছে।

### ২০২০-২১ অর্থবছরে কর্তৃপক্ষ ও অন্য সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক আয়োজিত যৌথ প্রশিক্ষণের বিবরণ:

| ক্রমিক | প্রশিক্ষণের নাম | মূল আয়োজক | তারিখ | স্থান/অনলাইন | অংশগ্রহণকারীর |
|---|---|---|---|---|---|
| ১. | লিডারশীপ প্রশিক্ষণ | Kansas state University and Alcumus Bangladesh Ltd with USAID & USDA | ২১/০১/২০২১ | অনলাইন জুম পাটফর্ম | ৯ম গ্রেডের ৪৫ জন কর্মকর্তা |
| ২. | IFC/UNIDO Virtual Learning Week for BFSA | IFC/ UNIDO | ০৪/০৪/২০২১ হতে ০৮/০৪/২০২১ | অনলাইন জুম পাটফর্ম | ৯ম গ্রেডের ৯৩ জন কর্মকর্তা |

| ক্রমিক | প্রশিক্ষণের নাম | মূল আয়োজক | তারিখ | স্থান/অনলাইন | অংশগ্রহণকারীর |
|---|---|---|---|---|---|
| ৩. | 3 Days Long Training Program for BFSA Officers | FAO | ০৪/০৫/২০২১ হতে ০৬/০৫/২০২১ | অনলাইন জুম পাটফর্ম | ৯ম গ্রেডের ৯৩ জন কর্মকর্তা |
| ৪. | "Strength-Based Leadership and Understanding Your Strengths" | Kansas state University and Alcumus Bangladesh Ltd with USAID & USDA | ১৪/০৬/২০২১ ও ১৫/০৬/২০২১ | অনলাইন জুম পাটফর্ম | ৯ম গ্রেডের ৯৩ জন কর্মকর্তা |
| ৫. | Skill Development Training for Government Officials | FAO in collaboration with GTI, BAU | ১৯/০৬/২০২১ হতে ৩০/০৬/২০২১ | অনলাইন জুম পাটফর্ম | ৯ম গ্রেডের ৩০ জন কর্মকর্তা |
| | | | মোট | | ৩৫৪ |

## ১৪.৩ অন্য সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক আয়োজিত প্রশিক্ষণের বিবরণ:

কর্তৃপক্ষের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ অন্যান্য সরকারি-বেসরকারি সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক আয়োজিত বিভিন্ন বিষয়ভিত্তিক প্রশিক্ষণ/কর্মশালায় যোগদান করেছেন। এর মাধ্যমে আন্তঃসংস্থা সম্পর্ক উন্নয়ণের পাশাপাশি কর্মকর্তাদের নানা বিষয়ে দক্ষতা অর্জিত হয়েছে।

### ২০২০-২১ অর্থবছরে অন্য সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক আয়োজিত কর্মশালা/প্রশিক্ষণের বিবরণী:

| ক্রমিক | প্রশিক্ষণের নাম | আয়োজক | তারিখ | স্থান/অনলাইন | অংশগ্রহণকারীর নাম ও পদবী |
|---|---|---|---|---|---|
| ১. | Consultation Workshop for sharing the findings from the project | বাংলাদেশ চিংড়ি ও মৎস্য ফাউন্ডেশন | ২১/০৯/২০২০ | বাংলাদেশ চিংড়ি ও মৎস্য ফাউন্ডেশন | মো: কাওছারুল ইসলাম সিকদার, অতিরিক্ত পরিচালক |
| ২. | Capacity Building Training for the Officials on "Trade Policy and Regulatory Framework | WTO Cell, বাণিজ্য মন্ত্রণালয় | ২২/০৯/২০২০ হতে ২৪/০৯/২০২০ | বাণিজ্য মন্ত্রণালয় | আবু সহিদ ছালেহ মোঃ জুবেরী, পরিচালক |
| ৩. | উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে কর্মশালা | খাদ্য মন্ত্রণালয় | ১৪/১১/২০২০ ও ১৫/১১/২০২০ | খাদ্য মন্ত্রনালয়ের সভা কক্ষ | ১। জেবি দাস, সহকারী পরিচালক<br>২। মেহরীন যারীন তাসনিম, নিরাপদ খাদ্য অফিসার |
| ৪. | "SPS and WTO Commitments for Bangladesh" | FtF-BITBEE প্রকল্প | ০৪/১১/২০২০ হতে ০৫/১১/২০২১ | হোটেল সিক্স সিজনস্ | ফারিয়া আজাদ, বৈজ্ঞানিক কর্মকর্তা |
| ৫. | রপ্তানি বাণিজ্য সম্প্রসারণে নীতিমালা/আইন/ বিধিবিধান পর্যালোচনা | ন্যাশনাল ট্রেড এন্ড ট্রান্সপোর্ট ফ্যাসিলিটেশন কমিটি | ২৪/১১/২০২০ হতে ২৫/১১/২০২০ | সিরডাপ মিলনায়তন | বি. এম. মশিউর রহমান, উপপরিচালক |

| ক্রমিক | প্রশিক্ষণের নাম | আয়োজক | তারিখ | স্থান/অনলাইন | অংশগ্রহণকারীর নাম ও পদবী |
|---|---|---|---|---|---|
| ৬. | Covid-19: Role of Food and Hygiene in Prevention and Protection | BARTAN | ১৭/১২/২০২০ | বারটান প্রধান কার্যালয় | ফাতেমা-তুজ-যোহরা লাবনী, নিরাপদ খাদ্য অফিসার |
| ৭. | Food Safety Rules-Regulations in Bangladesh | USAID | ২১/১২/২০২০ হতে ২২/১২/২০২০ | হোটেল সিক্স সিজনস্ | ৯ম গ্রেডের ২০ জন কর্মকর্তা |
| ৮. | Strengthening Safety Management System of Agricultural Products | JICA | ২৫/০১/২০২১ হতে ১০/০২/২০২১ | অনলাইন জুম প্লাটফর্ম | ১। মোঃ তাইফ আলী, গবেষণা কর্মকর্তা<br>২। ফারিয়া আজাদ, বৈজ্ঞানিক কর্মকর্তা |
| ৯. | Food Safety Guidelines/ Manuals Dissemination | USAID | ২৫/০২/২০২১ | হোটেল সিক্স সিজনস্ | ১। প্রফেসর ড. আব্দুল আলীম, সদস্য<br>২। অভিরূপ সাহা, পিএস টু চেয়ারম্যান |
| ১০. | Rural Development Through Creating Agricultural Value Chain (Value addition to Livestock Products) | JICA | ০১/০৩/২০২১ হতে ০৪/০৩/২০২১ | অনলাইন জুম প্লাটফর্ম | ১। সুমধু চক্রবর্তী, নিরাপদ খাদ্য অফিসার<br>২। সৌরভ কুমার সিংহ বৈজ্ঞানিক কর্মকর্তা |
| ১১. | ৪র্থ শিল্প বিল্পবের চ্যালেঞ্জ মোকাবেলায় পরিকল্পনা ও প্রকল্প গ্রহণ | মন্ত্রিপরিষদ বিভাগ এবং এসপায়ার টু ইনোভেট (এটুআই) | ২০/০৩/২০২১ হতে ২১/০৩/২০২১ | বিয়াম ফাউন্ডেশন, ঢাকা | ১। জেবিদাস রায়, সহকারী পরিচালক<br>২। তানভীম আহাম্মদ, সহকারী পরিচালক<br>৩। এস. এম. নুরুজ্জামান, পরিসংখ্যান কর্মকর্তা<br>৪। মোঃ তাইফ আলী, গবেষণা কর্মকর্তা |
| ১২. | Capacity Building Training on Trade & Development | WTO Cell, বাণিজ্য মন্ত্রণালয় | ৩১/০৫/২০২১ হতে ০২/০৬/২০২১ | অনলাইন জুম প্লাটফর্ম | বি. এম. মশিউর রহমান, উপপরিচালক |
| | | | মোট | | ৩৮ জন |

## ১৪.৪ বৈদেশিক প্রশিক্ষণের বিবরণ:

কর্তৃপক্ষের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ বিভিন্ন বিদেশি সংস্থা কর্তৃক আয়োজিত দেশের বাহিরে বিভিন্ন প্রশিক্ষণ/কর্মশালায় যোগদান করার মাধ্যমে নিজেদের দক্ষতা উন্নয়ণ করে থাকেন। এসকল প্রশিক্ষণের মাধ্যমে বিভিন্ন দেশের নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা ও রাষ্ট্রীয় নীতি সম্পর্কে কর্মকর্তাগণের প্রভুত জ্ঞান লাভ করার সুযোগ থাকে। তবে প্রতিবেদনাধীন অর্থ-বছরে মহামারী কোভিড-১৯ এর কারণে বৈদেশিক কোন প্রশিক্ষণে কোন কর্মকর্তাকে প্রেরণ করা হয় নি।

## ১৪.৫ বিভিন্ন প্রশিক্ষণের তুলনামূলক চিত্রঃ







কর্মকর্তাদের জন্য আয়োজিত ইন-হাউজ প্রশিক্ষণে সেশন পরিচালনা করছেন বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের চেয়ারম্যান জনাব মোঃ আব্দুল কাইউম সরকার



কর্মকর্তাদের জন্য আয়োজিত "বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (APA) বিষয়ক ইন-হাউজ প্রশিক্ষণের খণ্ডচিত্র



সেবা সহজীকরণ শীর্ষক ইন হাউজ প্রশিক্ষণ কর্মশালায় বক্তব্য প্রদান করছেন বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের চেয়ারম্যান জনাব মো: আব্দুল কাইউম সরকার



বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক আয়োজিত উদ্ভাবনী কর্মশালায় সৃজনশীল চিন্তায় মগ্ন কর্মকর্তাগণ




এসডিজি ও বাজেট বিষয়ক ইন হাউজ প্রশিক্ষণে বক্তব্য প্রদান করছেন প্রশিক্ষক



প্রাণ গ্রুপ এর ফ্যাক্টরীতে নলেজ শেয়ারিং প্রোগ্রামে নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের কর্মকর্তাবৃন্দ



বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের উর্ধ্বতন কর্মকর্তাদের প্রশিক্ষণ অনুষ্ঠানে সেশন পরিচালনা করছেন কর্তৃপক্ষের চেয়ারম্যান জনাব মো. আব্দুল কাইউম সরকার




Kansas State University কর্তৃক আয়োজিত অন লাইন প্রশিক্ষণে স্বাগত বক্তব্য রাখছেন কর্তৃপক্ষের সদস্য মোঃ রেজাউল করিম

# ১৫.০ কর্তৃপক্ষের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সংক্রান্ত কার্যক্রম:

## ১৫.১ তথ্য বাতায়ন (ওয়েবসাইট) হালনাগাদকরণ:

সরকারের ডিজিটাল বাংলাদেশ রূপকল্প বাস্তবায়নের উদ্দেশ্যে তথ্যাদি সংগ্রহ, সংরক্ষণ ও আদান-প্রদানের উন্নততর তথ্য প্রযুক্তি ব্যবহার করা হচ্ছে। ২০২০-২১ অর্থবছরে নতুন নিয়োগকৃত জনবল যোগদানের পর কর্তৃপক্ষের তথ্য বাতায়ন হালনাগাদ করা হয়। নতুন কর্মকর্তাদের নাম সংযুক্ত করার পাশাপাশি কর্তৃপক্ষের নানারকম তথ্য ও জনসচেতনতামূলক কার্যক্রম তথ্য বাতায়নে নিয়মিত হালনাগাদ করা হচ্ছে।

কর্তৃপক্ষের ওয়েবসাইট: www.bfsa.gov.bd

## ১৫.২ প্রধান কার্যালয়ে ও জেলা কার্যালয়ে কম্পিউটার সামগ্রী ক্রয়:

২০২০-২১ অর্থবছরে নতুন নিয়োগকৃত জনবল যোগদানের পর কর্তৃপক্ষের T&OE অনুযায়ী কম্পিউটার (Windows 10 Pro Original license) ও প্রিন্টারসহ অন্যান্য সামগ্রী ক্রয় করা হয় যা জুন মাসে প্রধান কার্যালয় ও জেলা কার্যালয়ে সংযুক্ত করা হয়।

| কার্যালয় | কম্পিউটার Lenovo Thickcentre M70t (Intel® Core™ i7) | ইউপিএস KSTAR MICRO1200 | প্রিন্টার Pantum BP5100 DN | স্ক্যানার Epson V39 | ল্যাপটপ |
|---|---|---|---|---|---|
| প্রধান কার্যালয় | ৩৬ | ৩৬ | ২০ | - | ০৫ |
| মেট্রো কার্যালয় | ০৮ | | | | |
| জেলা কার্যালয় | ৬৪ | ৬৫ | ৬৫ | ৬৫ | |
| মোট | ১০৮ | ১০১ | ৮৫ | ৬৫ | ০৫ |

## ১৫.৩ প্রধান কার্যালয়ে ইন্টারনেট সংযোগ:

বিগত মে মাসে কর্তৃপক্ষের প্রধান কার্যালয় পরিবর্তন করে শাহবাগস্থ বিসিএল অফিস কমপ্লেক্সে স্থানান্তর করা হয়। নতুন কার্যালয়ে জুন মাসে ব্রডব্যান্ড ইন্টারনেট কানেকশন দেয়া হয়। তাছাড়া পুরো অফিস ওয়াইফাই-এর আওতায় আনা হয়।

## ১৫.৪ কর্তৃপক্ষের নিজস্ব ডমেইনে ই-মেইল চালুকরণ:

২০২০-২১ অর্থবছরে একটি উল্লেখযোগ্য অর্জন হচ্ছে কর্তৃপক্ষের সকল কর্মকর্তাদের জন্য নিজস্ব ডমেইনে (bfsa.gov.bd) ই-মেইল চালুকরণ। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের কারিগরি সহায়তায় কর্তৃপক্ষের প্রধান কার্যালয়ের সকল কর্মকর্তা ও জেলা পর্যায়ের নিরাপদ খাদ্য অফিসারদের জন্য ২০০টি ই-মেইল এড্রেস তৈরি করা হয়। ১৩ এপ্রিল ২০২১ হতে ই-মেইলগুলো শতভাগ কার্যকর করা হয়েছে। পূর্বে ই-মেইল হিসেবে জিমেইল বা ইয়াহু ব্যবহার হলেও বর্তমানে কর্তৃপক্ষের কর্মকর্তাগণ নিরাপদ ও নিজস্ব ই-মেইল ও ক্লাউড ব্যবহার করছেন।

### কতিপয় গুরুত্বপূর্ণ ই-মেইল

| ক্রমিক | ই-মেইল ঠিকানা | ব্যবহারকারী |
|---|---|---|
| 1. | chairman@bfsa.gov.bd | চেয়ারম্যান মহোদয়ের ব্যবহারের জন্য |
| 2. | member.cosumerrights@bfsa.gov.bd | সদস্য (খাদ্য ভোগ ও ভোক্তা অধিকার) মহোদয়ের ব্যবহারের জন্য |
| 3. | member.publichealth@bfsa.gov.bd | সদস্য (জনস্বাস্থ্য ও পুষ্টি) মহোদয়ের ব্যবহারের জন্য |
| 4. | member.industry@bfsa.gov.bd | সদস্য (খাদ্য শিল্প ও উৎপাদন) মহোদয়ের ব্যবহারের জন্য |
| 5. | member.law@bfsa.gov.bd | সদস্য (আইন ও নীতি) মহোদয়ের ব্যবহারের জন্য |
| 6. | secretary@bfsa.gov.bd | কর্তৃপক্ষের সচিব মহোদয়ের ব্যবহারের জন্য |
| 7. | dd.ict@bfsa.gov.bd | উপপরিচালক (আইসিটি) [ই-মেইল এডমিন] |
| 8. | complain@bfsa.gov.bd | ভোক্তাসাধারণের অভিযোগ দাখিলে জন্য |
| 9. | info@bfsa.gov.bd | কর্তৃপক্ষ সম্পর্কে যেকোনো তথ্য জানার জন্য |
| 10. | ps2chairman@bfsa.gov.bd | চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিবের ব্যবহারের জন্য |

## ১৫.৫ কর্তৃপক্ষের শাখা ভিত্তিক ও বিষয়ভিত্তিক নথি কোড পুনর্বিণ্যাসকরণ:


গত জানুয়ারি, ২১ মাসে সচিবালয় নির্দেশমালা অনুসরণপূর্বক কর্তৃপক্ষের শাখা ও বিষয়ভিত্তিক ১৮ ডিজিটের নথি কোড পুনর্বিণ্যাস করা হয়েছে। প্রতিটি শাখার জন্য একটি কোড নির্ধারণ করা হয়েছে এবং সচিবালয় নির্দেশমালার সাথে সামঞ্জস্য রেখে বিষয়ভিত্তিক কোড নির্ধারণ করা হয়েছে। হার্ডফাইলের এ নথি কোড ই-নথিতেও ব্যবহার করা হচ্ছে।

## ১৫.৬ ই-নথি কার্যক্রম:

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সদর দপ্তরে ই-নথি কার্যক্রম চলমান রয়েছে। তবে নেটওয়ার্ক দুর্বলতার জন্য কাংখিত মানোন্নয়ন সম্ভব হয় নি। তাছাড়া কর্মকর্তা-কর্মচারীদের জন্য পর্যাপ্ত কম্পিউটার ও ইন্টারনেট সংযোগ না থাকায় ই-নথি কার্যক্রম ব্যহত হয়েছে। বছরের শেষ দিকে প্রধান কার্যালয় পরিবর্তন এবং জুন মাসে ইন্টারনেট সংযোগ দেয়ার পর ই-নথি কার্যক্রম বৃদ্ধি পেয়েছে।

জেলা/মহানগর অফিসগুলোতে ২০২১-২২ অর্থবছর হতে ই-নথির কার্যক্রম শুরু করা হবে।


## ক) ই-নথি কার্যক্রমের বছরভিত্তিক তুলনামূলক চিত্রঃ




| | নথির সংখ্যা | ডাক থেকে সৃজিত নোটে নিস্পন্ন | নোটে নিস্পত্তি | পত্রজারিতে নিস্পন্ন নোট | মোট নিস্পত্তিকৃত নথি | মোট পত্রজারি |
|---|---|---|---|---|---|---|
| ২০১৮-১৯ | ৫৪ | ০ | ৬০ | ১২ | ৭২ | ১৫ |
| ২০১৯-২০ | ১০০ | ৩ | ২৮৮ | ৭৫ | ৩৬৬ | ৮৭ |
| ২০২০-২১ | ১৭০ | ৭৫ | ১৮৪ | ১২২ | ৩৮১ | ২৩৬ |

## খ) ২০২০-২১ অর্থবছরে ই-নথি কার্যক্রমের মাসভিত্তিক প্রতিবেদনঃ

| মাস | নথির সংখ্যা | মোট নথি নিস্পত্তিকৃত | | | | মোট পত্রজারি |
|---|---|---|---|---|---|---|
| | | ডাক থেকে সৃজিত নোটে নিস্পন্ন | নোটে নিস্পত্তি | পত্রজারিতে মোট নিস্পন্ন নোট | | |
| জুলাই ২০ | ৮ | ৩ | ২২ | ২১ | ৪৬ | ৩৫ |
| আগষ্ট ২০ | ২ | ১২ | ২২ | ১০ | ৪৪ | ১৯ |
| সেপ্টেম্বর ২০ | ৪ | ১ | ৩৭ | ২৫ | ৬৩ | ৪৫ |
| অক্টোবর ২০ | ৩ | ৫ | ৩১ | ১৭ | ৫৩ | ২৯ |
| নভেম্বর ২০ | ১ | ৩ | ১৩ | ৬ | ২২ | ১১ |
| ডিসেম্বর ২০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| জানুয়ারি ২১ | ৮ | ৬ | ২ | ১ | ৯ | ৪ |
| ফেব্রুয়ারি ২১ | ৩ | ১ | ৩ | ১ | ৫ | ৭ |
| মার্চ ২১ | ১ | ০ | ৩ | ৫ | ৮ | ১৬ |
| এপ্রিল ২১ | ৩০ | ০ | ৬ | ৬ | ১২ | ২২ |
| মে ২১ | ২১ | ২ | ২২ | ৯ | ৩৩ | ১৫ |
| জুন ২১ | ৮৯ | ৪২ | ২৩ | ২১ | ৮৬ | ৩৩ |
| মোট | ১৭০ | ৭৫ | ১৮৪ | ১২২ | ৩৮১ | ২৩৬ |




**মাসভিত্তিক নথির সংখ্যা, মোট নিষ্পত্তিকৃত নথি ও মোট পত্রজারির তুলনামূলক চিত্র**

## ১৫.৭ সিসি ক্যামেরা স্থাপন:

কর্তৃপক্ষের প্রধান কার্যালয় পরিবর্তন করে শাহবাগস্থ বিসিএল অফিস কমপেক্সে স্থানান্তর করার পর নতুন কার্যালয়ে জুন মাসে ২৩ টি সিসি ক্যামেরা (আইপি ক্যামেরা 2MP) স্থাপন করা হয়েছে। একটি টিভির মাধ্যমে সার্বক্ষণিক অফিস মনিটর করা হচ্ছে। এতে করে অফিসের নিরাপত্তা এবং অন্যান্য কার্যক্রম সহজেই মনিটর করা যাচ্ছে। তাছাড়া নাগরিকরা যেন কোন ধরনের ভোগান্তিতে না পড়েন তাও মনিটর করা সম্ভব হচ্ছে।

## ১৫.৮ ডিজিটাল ওয়ার্ল্ড মেলায় অংশগ্রহণ

আইসিটি খাতে বাংলাদেশের সক্ষমতার চিত্র তুলে ধরতে Socially Distanced, Digitally Connected প্রতিপাদ্য নিয়ে ভার্চুয়াল মাধ্যম এবং ভৌত কাঠামোর সংমিশ্রণে ৯ থেকে ১১ ডিসেম্বর পর্যন্ত অনুষ্ঠিত হয় 'ডিজিটাল ওয়ার্ল্ড ২০২০'। মহামারী করোনা পরিস্থিতির কারণে দেশে এবারের 'ডিজিটাল ওয়ার্ল্ড-২০২০' আয়োজন মূলত অনলাইনে হয়। ৯ ডিসেম্বর ২০২১ তারিখে বেলা ১১টায় ডিজিটাল ওয়ার্ল্ড-২০২০ এর আনুষ্ঠানিক উদ্বোধন করেন মহামান্য রাষ্ট্রপতি জনাব আবদুল হামিদ। ১০ ডিসেম্বর বিভিন্ন দেশের মন্ত্রীদের অংশগ্রহণে অনুষ্ঠিত হয় মিনিস্ট্রিয়াল কনফারেন্স। এতে মূল বক্তা হিসেবে কী-নোট উপস্থাপন করবেন মাননীয় প্রধানমন্ত্রীর আইসিটি উপদেষ্টা জনাব সজীব ওয়াজেদ জয়। এছাড়া পুরো আয়োজনে ২৪টি বিষয়ভিত্তিক সেমিনার, কনফারেন্স, প্রদর্শনী, ডিজিটাল ওয়ার্ল্ড সম্মাননা, ভার্চুয়াল মুজিব কর্নার এবং ভার্চুয়াল মিউজিক্যাল কনসার্টের মতো আয়োজন ছিল।

ডিজিটাল ওয়ার্ল্ডে আরো ছিলো জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী মুজিববর্ষ উপলক্ষে ভার্চুয়াল মুজিব কর্নার। ভিন্ন স্বাদের এ ডিজিটাল ওয়ার্ল্ডের আয়োজনকে স্মরণীয় করে রাখতে প্রতি সন্ধ্যায় ছিলো মিউজিক্যাল কনসার্ট। ভার্চুয়াল প্রোডাকশনের মাধ্যমে বর্তমান প্রজন্মের জনপ্রিয় ব্যান্ডগুলোর পরিবেশনায় এক অভূতপূর্ব সংগীত আয়োজনের স্বাদ পায় দর্শনার্থীরা এ কনসার্টে।

খাদ্য মন্ত্রণালয়ের নেতৃত্বে ভিন্নস্বাদের ভার্চুয়াল এ মেলায় বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ অংশগ্রহণ করে। ভার্চুয়াল স্টলে কর্তৃপক্ষ খাদ্য মন্ত্রণালয়ের সাথে সমন্বয় করে কর্তৃপক্ষের বিভিন্ন কার্যক্রম ভিডিও, পোস্টার, লিফলেটের মাধ্যমে তুলে ধরে।

# ১৬.০ তথ্য ব্যবস্থাপনা ও তথ্য অধিকার আইন বাস্তবায়ন

## ১৬.১ তথ্য ব্যবস্থাপনা

যেকোন সংস্থা/কর্তৃপক্ষের জন্য তথ্য সংগ্রহ, তথ্য সমন্বয় ও তথ্য সংরক্ষণ ব্যবস্থা থাকা জরুরী। একটি শক্তিশালী তথ্য ব্যবস্থাপনা কর্তৃপক্ষের কাজকে বেগবান ও গতিশীল করেছে। বর্তমানে কর্তৃপক্ষ জেলা কার্যালয় ও বিভিন্ন উৎস হতে তথ্য সংগ্রহ করে থাকে এবং এ সকল তথ্য সমন্বিত করে প্রতি মাসেই কর্তৃপক্ষের তথ্য বাতায়নে প্রচার করে থাকে। তথ্যসমূহ শ্রেণিবিন্যাস করে ডিজিটাল ও ম্যানুয়াল উভয় পদ্ধতিতেই সংরক্ষণ করা হয়ে থাকে।

## ১৬.২ তথ্য অধিকার বিষয়ে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা ও আপিল কর্তৃপক্ষ

তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা ১০ অনুযায়ী তথ্য সরবরাহের লক্ষ্যে প্রত্যেক কর্তপক্ষের তথ্য প্রদান ইউনিটের জন্য ০১ জন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিযুক্ত করার বিধান রাখা হয়েছে। সে অনুযায়ী তথ্য প্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপিল কর্মকর্তা নিয়োগ প্রদানপূর্বক তথ্য কমিশনকে অবহিত করা হয়েছে। বর্তমানে দায়িত্বরত কর্মকর্তাগণ হচ্ছে-

### ক) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিবরণঃ

| কর্মকর্তার নাম ও পদবী | ঠিকানা | ফোন নম্বর | ই-মেইল নম্বর |
|---|---|---|---|
| বি. এম. মশিউর রহমান<br>উপপরিচালক<br>(সিনিয়র সহকারী সচিব)<br>বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ। | রুম নং-৫০৪ (লেভেল-৫)<br>বিএসএল অফিস কমপ্লেক্স<br>(হোটেল ইন্টারকন্টিনেন্টাল ঢাকা-এর পার্শ্বে)<br>১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, শাহবাগ, ঢাকা। | ৫৫১৩৮৬০৬<br>০১৭১৯০৪০৪০৪ | info@bfsa.gov.bd<br>bmmrahman@bfsa.gov.bd |

### খ) বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিবরণঃ

| কর্মকর্তার নাম ও পদবী | ঠিকানা | ফোন নম্বর | ই-মেইল নম্বর |
|---|---|---|---|
| এস. এম. নুরুজ্জামান<br>পরিসংখ্যান কর্মকর্তা<br>বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ। | রুম নং-৫০৪ (লেভেল-৫)<br>বিএসএল অফিস কমপ্লেক্স<br>(হোটেল ইন্টারকন্টিনেন্টাল ঢাকা-এর পার্শ্বে)<br>১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, শাহবাগ, ঢাকা। | ০১৭৫৮০১৩৮৬৩ | sm.nurrzzaman@bfsa.gov.bd<br>statistics@bfsa.gov.bd |

### গ) আপিল কর্মকর্তার বিবরণ:

| কর্মকর্তার নাম ও পদবী | ঠিকানা | ফোন নম্বর | ই-মেইল নম্বর |
|---|---|---|---|
| মো: আব্দুল কাইউম সরকার<br>চেয়ারম্যান<br>বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ। | রুম নং-৬০১ (লেভেল-৬)<br>বিএসএল অফিস কমপ্লেক্স<br>(হোটেল ইন্টারকন্টিনেন্টাল ঢাকা-এর পার্শ্বে)<br>১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, শাহবাগ, ঢাকা। | ৫৫১৩৮০০০ | chairman@bfsa.gov.bd |

## ১৬.৩ তথ্য অধিকার নিশ্চিতকরনার্থে তথ্য অবমুক্তকরণ নির্দেশিকা প্রণয়ন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের বর্তমান গণতান্ত্রিক সরকার নাগরিকগণের তথ্য প্রাপ্তির অধিকার নিশ্চিত করার লক্ষ্যে সরকার তথ্য অধিকার আইন ২০০৯ প্রণয়ন করেছে। এই আইনের ০৪ ধারায় প্রত্যেক নাগরিকের তথ্য প্রাপ্তির অধিকারকে স্বীকৃতি প্রদান করা হয়েছে। বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ এর অবাধ তথ্যপ্রবাহের চর্চার ক্ষেত্রে যেন কোন দ্বিধা-দ্বন্দ্বের সৃষ্টি না হয়, সেজন্য একটি 'তথ্য অবমুক্তকরণ নির্দেশিকা' প্রণয়ন আবশ্যক বলে মনে করছে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ। সুতরাং তথ্য অধিকার আইন, ২০০৯, তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা ২০০৯ ও তথ্য অধিকার সংক্রান্ত প্রবিধানমালাসমূহের আলোকে ও সাযুজ্যতা সাপেক্ষে স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা প্রণয়ন করা হয়েছে। বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের যাবতীয় কার্যক্রমের তথ্য নাগরিকদের অবহিত হওয়ার সুবিধার্থে ৩১ ডিসেম্বর ২০২০ তারিখে "তথ্য অবমুক্তকরণ নির্দেশিকা ২০২১" প্রকাশ করা হয়েছে। দেশের সার্বিক আর্থ সামাজিক অবস্থার উন্নয়নে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সকল কার্যক্রম স্বচ্ছতার সাথে জনগণের জ্ঞাতার্থে নিয়মিত ওয়েবসাইটে প্রকাশ করা হচ্ছে।

### বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ- এর স্বপ্রণোদিত তথ্য অবমুক্তকরণ নির্দেশিকা, ২০২১ প্রণয়ন কমিটি

| ক্রমিক | নাম ও পদবী | দায়িত্ব |
|---|---|---|
| ১ | বি. এম. মশিউর রহমান, উপপরিচালক | সভাপতি |
| ২ | দিপু পোদ্দার, সহকারী পরিচালক | সদস্য |
| ৩ | মেহরীন যারীন তাসনিম, নিরাপদ খাদ্য অফিসার (সংযুক্ত প্রধান কার্যালয়) | সদস্য |

## ১৬.৪ তথ্য অধিকার আইন অনুযায়ী চাহিত তথ্য সংক্রান্ত বিবরণ:

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ বিভিন্ন ধরণের তথ্য স্ব-প্রণোদিত ভাবেই ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে প্রকাশ করে থাকে। বিভিন্ন শ্রেণি পেশার ব্যক্তিগণ (যেমন-সাংবাদিক, গবেষক, ছাত্র-ছাত্রী, খাদ্য ব্যবসায়ী, ইত্যাদি) তথ্য চাইলে প্রয়োজন অনুসারে তথ্য প্রদান করা হয়। তাছাড়া তথ্য অধিকার আইন অনুসারে কেউ তথ্য চাইলে তাও যথা সময়ে সরবরাহ করা হয়।

### ক) ২০২০-২১ অর্থবছরে বিভিন্ন ব্যক্তি কর্তৃক চাহিত তথ্য ও সরবরাহের বিবরণ:

| চাহিত তথ্য | সরবরাহকৃত তথ্য | প্রক্রিয়াধীন | অসরবরাহকৃত তথ্য |
|---|---|---|---|
| ৩৪ | ৩৪ | ০ | ০ |

## খ) ২০২০-২১ অর্থবছরে তথ্য অধিকার আইন অনুযায়ী চাহিত তথ্য ও সরবরাহকৃত তথ্যাদি:

| চাহিত তথ্য | সরবরাহকৃত তথ্য | প্রক্রিয়াধীন | অসরবরাহকৃত তথ্য |
|---|---|---|---|
| ০৩ | ০৩ | ০ | ০ |

## ১৬.৫ তথ্য অধিকার আইন বাস্তবায়ন সংক্রান্ত কমিটি:

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ তথ্য অধিকার আইন বাস্তবায়নের জন্য কর্তৃপক্ষ একটি কমিটি গঠন করেছে। কমিটি ত্রৈমাসিক ভিত্তিতে সভা করে থাকে এবং কর্তৃপক্ষের স্ব-প্রণোদিত তথ্য অবমুক্তকরণ নির্দেশিকা হালনাগাদসহ কর্তৃপক্ষের তথ্য অধিকার বিষয়ক বিভিন্ন বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়ন করে থাকে।

### ক) ২০২০-২১ অর্থবছরে তথ্য অধিকার আইন বাস্তবায়ন সংক্রান্ত কমিটির বিবরণ:

| ক্রমিক | নাম ও পদবী | দায়িত্ব |
|---|---|---|
| ১ | জনাব মোঃ রেজাউল করিম, সদস্য (খাদ্যভোগ ও ভোক্তা-অধিকার) | সভাপতি |
| ২ | জনাব আব্দুন নাসের খান, সচিব | সদস্য |
| ৩ | জনাব মুহম্মদ নূরে আলম সিদ্দিকী, পরিচালক (প্রশাসন ও অর্থ) | সদস্য |
| ৪ | ড. সহদেব চন্দ্র সাহা, পরিচালক (প্রয়োগ ও প্রতিপালন) | সদস্য |
| ৫ | জনাব আবদুর রহমান, পরিচালক (ভোক্তা ও ঝুঁকি) | সদস্য |
| ৬ | জনাব এস. এম. নুরুজ্জামান, পরিসংখ্যান কর্মকর্তা | সদস্য |
| ৭ | জনাব বি. এম. মশিউর রহমান, উপপরিচালক | সদস্য সচিব |

### খ) তথ্য অধিকার আইন বাস্তবায়ন সংক্রান্ত কমিটির সভা সংক্রান্ত তথ্য (৩০ জুন ২০২১ পর্যন্ত):

| সভার সংখ্যা | সিদ্ধান্তসমূহ | অগ্রগতি বিবরণ | বাস্তবায়নের হার (%) |
|---|---|---|---|
| ৪ | ১. স্ব-প্রণোদিতভাবে প্রকাশযোগ্য তালিকা তৈরি | তালিকা তৈরি হয়েছে | ১০০% |
| | ২. চাহিদার ভিত্তিতে প্রদানযোগ্য তথ্যের তালিকা তৈরি | তালিকা তৈরি হয়েছে | ১০০% |
| | ৩. প্রদান বাধ্যতামূলক নয়, এমন তথ্যের তালিকা তৈরি | তালিকা তৈরি হয়েছে | ১০০% |
| | ৪. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা পুনঃনিয়োগ/পরিবর্তন | দায়িত্ব দেয়া হয়েছে | ১০০% |
| | ৫. বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা পুনঃনিয়োগ/পরিবর্তন<br>৬. স্ব-প্রণোদিত তথ্য অবমুক্তকরণ নির্দেশিকা প্রকাশ | দায়িত্ব দেয়া হয়েছে<br>৩১ ডিসেম্বর ২০২০ | ১০০%<br>১০০% |
| | ৭. তথ্য বিষয়ক পকেট বই প্রকাশ | প্রকাশ করা যায় নি* | |

* নিরাপদ খাদ্য বিষয়ক পকেট বই প্রকাশের চেয়ে একটি অনলাইন ও অফলাইন বিষয়ক তথ্য অ্যাপস তৈরি করলে তা অনেক গ্রহণযোগ্য হবে এবং ডিজিটাল বাংলাদেশে অধিক সংখ্যক মানুষের নিকট পৌঁছাবে বলে প্রতীয়মান হওয়ায় পকেট বই প্রকাশ পরবর্তীতে স্থগিত করা হয়। তাছাড়া পকেট বই একবার প্রকাশিত হলে তথ্য হালনাগাদ করার আর উপায় থাকবে না, কিন্তু তথ্য অ্যাপসটি সবসময়ই হালনাগাদ করা যাবে। একারণে অনলাইন তথ্য অ্যাপস 'খাদ্য কথন' তৈরি করা হয়।



# বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
## Bangladesh Food Safety Authority
জীবন ও স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ খাদ্য

## রেস্তোরাঁর জন্য পালনীয় এবং সর্বসাধারণের অবগতির জন্য বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের নির্দেশনাসমূহ

| ক্রমিক নং | পালনীয় বিষয়াবলি |
|---|---|
| ১। | **প্রশাসনিক (Administrative)** |
| | ট্রেড লাইসেন্স, ভ্যাট আদায় ও জমা প্রদান এবং ক্রয়কৃত সকল পণ্যের চালান, ইনভয়েস, পার্চেজ অর্ডার, রিসিপ্ট সংরক্ষণ |
| ২। | **ভোক্তা অধিকার (Consumer Rights)** |
| | রান্নাঘর স্বচ্ছ কাঁচ দ্বারা বেষ্টিতকরণ। |
| | ছবি/ডামি ব্যবহারের মাধ্যমে রেস্তোরাঁয় পরিবেশিত খাদ্য ও খাদ্যের মূল্য তালিকা প্রদর্শন। |
| | ভেজালমুক্ত, গুণগত মানে উন্নত, সঠিক পরিমাণে এবং যথাযথ মূল্যে খাদ্য পরিবেশন নিশ্চিতকরণ। |
| | বিশুদ্ধ বায়ু প্রবাহ (প্রাকৃতিক/এয়ারকনডিশনার)সহ পর্যাপ্ত আলোর ব্যবস্থা এবং বায়ু ও শব্দ দূষণ না করা। |
| ৩। | **ভোক্তাসেবা (Consumer Services)** |
| | ভোক্তার সাথে আন্তরিক ও সৌজন্যমূলক আচরণ (সালাম/শুভেচ্ছা বিনিময়, স্বাগতম ও ধন্যবাদ সূচক শব্দ) করা। |
| | ভোক্তার পক্ষ থেকে অভিযোগ গ্রহণ এবং যথাযথ ব্যবস্থা গ্রহণ পূর্বক ভোক্তা সেবা নিশ্চিতকরণ। |
| | বৃদ্ধ, মহিলা, শিশু ও প্রতিবন্ধিদের খাবারের জন্য পৃথক জায়গা ও শিশুদের জন্য পৃথক স্পোর্টস কর্ণার সংরক্ষণ। |
| ৪। | **পরিষ্কার পরিচ্ছন্নতাসহ লগ বই সংরক্ষণ (Cleanliness Standard)** |
| | খাবার স্থানের সকল আসবাবপত্র (টেবিল, চেয়ার, ট্রে) দেয়াল, মেঝে, কার্পেট ও দরজা-জানালা সমূহ নিয়মিত জীবানুনাশক দিয়ে পরিষ্কার-পরিচ্ছন্ন করা, কীট-পতঙ্গ মুক্ত রাখা। |
| | অনুজৈবিক দূষণ রোধকল্পে রেস্তোরাঁয় উপযুক্ত বালাই নিয়ন্ত্রণ ব্যবস্থা এবং কীটপতঙ্গ, ইঁদুর, তেলাপোকা, টিকটিকি, সরিসৃপ প্রবেশ রোধের ব্যবস্থা নিশ্চিতকরণ। |
| | ডাইনিং ও রান্নাঘরের পরিবেশ পরিষ্কার-পরিচ্ছন্নতাসহ ঢাকনাযুক্ত পা চালিত ডাস্টবিন ব্যবহার এবং ডাস্টবিন রান্নাঘরের বাইরে রাখা। |
| | টয়লেট এর পরিষ্কার-পরিচ্ছন্নতাসহ টয়লেট পেপার ও টিস্যু বক্স/হ্যান্ড ড্রয়ার, লিকুইড সোপ এবং পর্যাপ্ত নিরাপদ পানির ব্যবস্থা। |
| ৫। | **খাদ্য ব্যবস্থাপনার জন্য অনুসরনীয় স্বাস্থ্যবিধি (Hygiene)** |
| | বিপত্তি মুক্ত ও নিরাপদ (Physical, Biological & Chemical) খাদ্য পরিবেশন। |
| | খাদ্যের প্রক্রিয়াকরণ, প্রস্তুতকরণ, মোড়কাবদ্ধকরণ, পরিবহণ, মজুদ ও পরিবেশনে ভৌত দূষক/ভারী ধাতু/টক্সিন/ঔষধের ক্ষতিকর অবশিষ্টাংশের উপস্থিতি পরিহারকরণ। |
| | রান্নাঘরে স্টেইনলেস স্টিলের তৈজসপত্র ও আসবাবপত্রের ব্যবহার এবং খাদ্যোপকরণ ঢাকনাযুক্ত পৃথক ফুড গ্রেড কন্টেইনারে সংরক্ষণ। |
| | নির্দিষ্ট বিরতিতে স্বীকৃত ল্যাবরেটরিতে সুপেয় পানি পরীক্ষার ব্যবস্থা নিশ্চিতকরণ। |
| | দূষিত/পোড়া তেল এবং অননুমোদিত কেমিক্যাল টেক্সটাইল ডাই, প্রিজারভেটিভ ইত্যাদি পরিহারকরণ। |
| | পরিষ্কারক সামগ্রী এবং জীবাণুনাশক দ্রব্যসমূহ খাদ্যদ্রব্য হইতে আলাদা স্থানে নিরাপদে সংরক্ষণ। |
| ৬। | **খাদ্যকর্মীদের ব্যক্তিগত স্বাস্থ্যবিধির লগ বই সংরক্ষণ (Personal Hygiene)** |
| | খাদ্য কর্মীদের জন্য Uniform (এপ্রোন, টুপি, গ্লাবস, জুতা/সেন্ডেল) পরিধান, হাতের নখ নিয়মিত কর্তন, সাবান ও গরম পানি দ্বারা হাত পরিষ্কার রাখা এবং অসুস্থ খাদ্যকর্মীদের কর্মে বিরত রাখা (লগ বই সংরক্ষণ)। |
| ৭। | **খাদ্যদ্রব্য মজুদ ও সংরক্ষণ (Storage & Preservation)** |
| | ঠান্ডা ও শীতল খাদ্যদ্রব্য ৫° সেলসিয়াস তাপমাত্রার নিচে, হিমায়িত খাদ্য মাইনাস ১৮° সেলসিয়াস তাপমাত্রা বা উহার নিচে এবং খুচরা বিক্রয়ের উদ্দেশ্যে প্রদর্শিত হিমায়িত খাদ্য মাইনাস ১২° সেলসিয়াস তাপমাত্রা বা উহার নিচে সংরক্ষণ, গরম খাবার ৬৩° সেলসিয়াস তাপমাত্রা বা উহার উপরে এবং ঠান্ডা ও শীতল খাদ্যদ্রব্য ৫° সেলসিয়াস তাপমাত্রার নিচে পরিবেশন করতে হবে। |
| | শুকনো পণ্য ঘরের তাপমাত্রায় সেলফে (মেঝে থেকে ন্যূনতম ৬ ইঞ্চি উর্ধ্বে) সংরক্ষণ করতে হবে। |
| | খাদ্যদ্রব্য সর্বাবস্থায় ঢেকে, জীবাণুমুক্ত পাত্রে (ফুড গ্রেড), রেফ্রিজারেটরে কাঁচা এবং রান্না করা খাবার পৃথকভাবে সংরক্ষণ। |
| | মোড়কাবদ্ধ/হিমায়িত/ প্রাণিজ কাঁচা খাদ্য সরাসরি আহার্য খাদ্য থেকে নিরাপদ দূরত্বে (ন্যূনতম ১২ ইঞ্চি) সংরক্ষণ নিশ্চিতকরণ। |
| | একই ফ্রিজে উদ্ভিজ্জ ও প্রাণিজ কাঁচা খাদ্য, সরাসরি আহার্য খাদ্যের সাথে সংরক্ষণ করার ক্ষেত্রে উপরের তাকে আহার্য খাদ্য, মাঝের তাকে উদ্ভিজ্জ খাদ্য এবং নিচে প্রাণিজ খাদ্য সংরক্ষণ নিশ্চিতকরণ। |
| ৮। | **খাদ্য ব্যবসায় কর্মচারী ব্যবস্থাপনা (Management)** |
| | Food Safety & Hygiene এর উপর একজন Certified প্রশিক্ষক/কর্মকর্তা/কর্মচারী থাকতে হবে। |
| | খাদ্যকর্মীদের নিয়মিত প্রশিক্ষণ, মনিটরিং, রেকর্ড কিপিংসহ পর্যাপ্ত অগ্নি নির্বাপন ব্যবস্থা রাখতে হবে। |

কোনো অভিযোগ থাকলে ৩৩৩ এ যোগাযোগ করুন।

অনুরোধক্রমে

**চেয়ারম্যান**
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

# ১৭.০ মুজিববর্ষের কর্মসূচি

## ১৭.১ মুজিববর্ষের কর্মপরিকল্পনা:

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশত বার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে খাদ্য মন্ত্রণালয়ের নির্দেশনাসহ বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত কর্মসূচি ও তার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নিম্নরূপ:

| ক্রমিক | কর্মপরিকল্পনা মোতাবেক কর্মসূচি | মন্তব্য |
|---|---|---|
| ১. | **খাদ্যে ভেজালের বিরুদ্ধে নজরদারি:**<br>বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক খাদ্যে ভেজালের বিরুদ্ধে সর্বাত্মক প্রতিরোধ করার লক্ষ্যে দেশব্যাপী নজরদারি বাড়ানো | |
| ২. | **খাদ্যে ভেজালের বিরুদ্ধে প্রচারণা:**<br>গণবিজ্ঞপ্তি প্রকাশ, বাল্ক এসএমএস প্রচার, বেতারে জনসচেতনতামূলক বার্তা প্রচার, সোশ্যাল মিডিয়ার মাধ্যমে প্রচার | |
| ৩. | **নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে সচেতনতা সৃষ্টির জন্য রচনা ও কুইজ প্রতিযোগিতার আয়োজন প্রতিযোগিতা:**<br>বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ার লক্ষ্যে সকলের জন্য নিরাপদ খাদ্য নিশ্চিতকরণের নিমিত্ত স্কুল-কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মধ্যে রচনা-প্রতিযোগিতা আয়োজন | |
| ৪. | **মুজিব বর্ষে নতুন টিভিসি নির্মাণ এবং টিভিসি প্রচার:**<br>বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের উন্নয়নমূলক কার্যক্রম, নিরাপদ খাদ্য ও পুষ্টি সংক্রান্ত বিভিন্ন তথ্য এবং খাদ্যের নিরাপদতা নিশ্চিতে ও ভেজাল রোধে বিভিন্ন কার্যক্রম সংক্রান্ত মুজিব বর্ষে নতুন টিভিসি নির্মাণ এবং টিভিসি প্রচার | |
| ৫. | **শিক্ষা প্রতিষ্ঠানে (ন্যূনতম ১০০) জনসচেতনতা বৃদ্ধি:**<br>শিক্ষা প্রতিষ্ঠানে (ন্যূনতম ১০০) জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সভা, সেমিনার, কর্মশালা, হাত ধোয়া কর্মসূচি আয়োজন | কোভিড-১৯ জনিত কারণে সম্পূর্ণ বাস্তবায়ন করা সম্ভব হয়নি। |
| ৬. | **বিভাগ, জেলা ও উপজেলায় (ন্যূনতম ১০০) নিরাপদ খাদ্য বিষয়ে জনসচেতনতা**<br>বিভাগ, জেলা ও উপজেলায় (ন্যূনতম ১০০) নিরাপদ খাদ্য বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সভা, সেমিনার, কর্মশালা আয়োজন | |
| ৭. | **জনসচেতনতামূলক ক্যারাভান রোড শো**<br>ডিজিটাল মনিটরের মাধ্যমে জনসচেতনতামূলক ক্যারাভান রোড শো আয়োজন | |
| ৮. | **(ন্যূনতম ১০০) গ্রেডিং করে স্টিকার প্রদান**<br>হোটেল ও রেস্তোরাঁয় (ন্যূনতম ১০০) গ্রেডিং করে স্টিকার প্রদান। | |
| ৯. | **৬৪টি জেলায় জনসচেতনতামূলক বিভিন্ন কার্যক্রম প্রদর্শন:**<br>৬৪টি জেলায় এলইডি মনিটর এর মাধ্যমে খাদ্যের নিরাপদতা, ভেজালরোধ, পুষ্টি সংক্রান্ত বিষয়ে জনসচেতনতামূলক বিভিন্ন কার্যক্রম প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ। | |
| ১০. | **জেলা উপজেলা পর্যায়ে আঞ্চলিক গানের মাধ্যমে প্রচারণা**<br>জেলা উপজেলা পর্যায়ে আঞ্চলিক গান যেমন: গম্ভীরা, জারি, সারি, পথ নাটকের মাধ্যমে খাদ্যের ভেজালের বিরুদ্ধে প্রচারণা করা। | |

| ক্রমিক | কর্মপরিকল্পনা মোতাবেক কর্মসূচি | মন্তব্য |
|---|---|---|
| ১১. | খাদ্যশিল্পে (ন্যূনতম ১০০) safe food plan বাস্তবায়ন<br>সেফ ফুড প্ল্যান হচ্ছে এক ধরনের কোন সমন্বিত পরিকল্পনা বা পদক্ষেপ যা প্রয়োগের মাধ্যমে একটি খাদ্য স্থাপনার খাদ্য উৎপাদন হতে বিপণন পর্যন্ত খাদ্য দূষক হতে খাদ্যকে নিরাপদ রাখতে ভূমিকা রাখে । ১০০+ খাদ্য শিল্পে সেফ ফুড প্ল্যান বাস্তবায়নের উদ্দেশ্য হচ্ছে দূষণমুক্ত নিরাপদ খাবার ভোক্তার কাছে পৌঁছানো। | কর্মসূচির অবশিষ্টাংশ কোভিড-১৯ জনিত কারণে বাস্তবায়ন করা সম্ভব হয়নি। |

## ১৭.২ মুজিববর্ষের কর্মপরিকল্পনা বাস্তবায়ন (৩০ জুন ২০২১ পর্যন্ত):

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশত বার্ষিকী 'মুজিববর্ষ' উপলক্ষ্যে খাদ্য মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়িত কার্যক্রম প্রতিবেদন নিম্নরূপ:

### ১. নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে সচেতনতা সৃষ্টির জন্য দেশব্যাপী অনলাইন কুইজ ও রচনা প্রতিযোগিতা:

বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ার লক্ষ্যে সকলের জন্য নিরাপদ খাদ্য নিশ্চিতকরণের নিমিত্ত স্কুল-কলেজ ও ও বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মধ্যে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক **দেশব্যাপী অনলাইন কুইজ ও রচনা** প্রতিযোগিতার আয়োজন করা হয়। ৪র্থ জাতীয় নিরাপদ খাদ্য দিবস-২০২১ উদযাপন উপলক্ষ্যে হোটেল ইন্টারকন্টিনেন্টাল ঢাকায় আয়োজিত কেন্দ্রীয় অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রীর ভার্চুয়াল উপস্থিতিতে কুইজ ও রচনা প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন মাননীয় খাদ্যমন্ত্রী জনাব সাধন চন্দ্র মজুমদার, এমপি, মাননীয় কৃষিমন্ত্রী ড. মো: আব্দুর রাজ্জাক, এমপি এবং মাননীয় মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী শ ম রেজাউল করিম, এম.পি। এসময় আরও উপস্থিত ছিলেন খাদ্য মন্ত্রণালয়ের সচিব ড. মোছাম্মৎ নাজমানারা খানুম। **উল্লেখ্য উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা অনলাইনে গণভবন প্রান্ত হতে যুক্ত ছিলেন।**





মুজিব বর্ষ ও জাতীয় নিরাপদ খাদ্য দিবস ২০২১ উদযাপন উপলক্ষ্যে আয়োজিত রচনা এবং কুইজ প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কার বিতরণ করছেন অতিথিবৃন্দ

## ২. মুজিববর্ষে খাদ্যে নজরদারি:

মুজিববর্ষ উপলক্ষ্যে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের মনিটরিং অফিসার, নিরাপদ খাদ্য অফিসারের মাধ্যমে হোটেল-রেস্তোরাঁ ও হাট-বাজার মনিটরিং কার্যক্রম সম্প্রসারণ করা হয়েছে। অনলাইন মনিটরিং অ্যাপস 'নজর' বাস্তবায়নের মাধ্যমে ০৬ টি হোটেল-রেস্তোরাঁকে সার্বক্ষণিক মনিটরিং এর আওতায় নিয়ে আসা হয়েছে। **মাননীয় খাদ্য মন্ত্রী জনাব সাধন চন্দ্র মজুমদার, এমপি গত ৩ ফেব্রুয়ারি ২০২১ তারিখে অনলাইন মনিটরিং অ্যাপস 'নজর' কার্যক্রমের শুভ উদ্বোধন করেন**। এসময় উপস্থিত ছিলেন খাদ্য মন্ত্রণালয়ের সচিব ড. মোছাম্মৎ নাজমানারা খানুম ও কর্তৃপক্ষের চেয়ারম্যান জনাব মোঃ আব্দুল কাইউম সরকার।

এছাড়া ঢাকা শহরের ০৩ টি মেগাশপের ০৫ টি আউটলেটে টেম্পারেচার ডাটালগার (TDL) স্থাপনের মাধ্যমে খাদ্য সংরক্ষণাগারের কুল চেইনে তাপমাত্রা সার্বক্ষণিক মনিটর করা হচ্ছে।



মুজিব বর্ষ উপলক্ষ্যে অনলাইন মনিটরিং অ্যাপস 'নজর' কার্যক্রমের শুভ উদ্বোধন করেন মাননীয় খাদ্যমন্ত্রী



ঢাকা শহরের মেগাশপসমূহে ট্যাম্পারেচার ডাটালগার (TDL) স্থাপনে করণীয় শীর্ষক মতবিনিময় সভায় সভাপতিত্ব করছেন কর্তৃপক্ষের সম্মানিত সদস্য জনাব মো: রেজাউল করিম

## ৩. মুজিববর্ষে নিরাপদ খাদ্য বিষয়ক জনসচেতনতামুলক বার্তা প্রচারণা:

জনসচেতনতামূলক ৪ টি গণবিজ্ঞপ্তি কয়েক ধাপে ৫৯ টি দৈনিক জাতীয় পত্রিকায় প্রকাশ করা হয়েছে। বিটিআরসি-এর সহযোগিতায় সকল মোবাইল অপারেটরের মাধ্যমে ০২ টি বাল্ক এসএমএস প্রচার করা হয়েছে। বাংলাদেশ বেতারে জনসচেতনতামূলক বার্তার মাধ্যমে প্রচার কার্যক্রম চালানো হয়েছে। এছাড়াও সোশ্যাল মিডিয়া যেমন: ফেসবুক ও ইউটিউব বুস্টিংকরণের মাধ্যমে জনসচেতনতামূলক বার্তা প্রচার কার্যক্রম চলমান আছে।

'মুজিববর্ষ' ইতোমধ্যে ৬৪ জেলায় জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত উন্নয়ন মেলায় খাদ্যের নিরাপদতা বিষয়ে জনসচেতনতামূলক বিভিন্ন কার্যক্রম প্রদর্শন করা হয়।

## ৪. মুজিববর্ষে নতুন টিভিসি নির্মাণ এবং প্রচার:

মুজিববর্ষে ০২ টি নতুন টিভিসি (ট্রান্সফ্যাট ও লেবেলিং) নির্মাণ সম্পন্ন হয়েছে। নবনির্মিত ০২ টি টিভিসিসহ পূর্ববর্তী বছরের টিভিসি গুলোর সমন্বয়ে বিভিন্ন টিভি চ্যানেলে নিরাপদ খাদ্য বিষয়ক স্ক্রল বার্তাসহ প্রায় ৯০০ মিনিট প্রচার করা হয়েছে। খাদ্য অধিদপ্তরের অধীন সকল জেলা ও আঞ্চলিক কার্যালয়ের ডিজিটাল মনিটরে ০৫টি টিভিসি প্রচার করা হয়েছে। আঞ্চলিক গান যথা গম্ভীরার মাধ্যমে খাদ্যে ভেজালের বিরুদ্ধে প্রচারণা চালানো হচ্ছে। ইতোমধ্যে জনসচেতনতামূলক ২টি পিএসএ ট্রিলজি ও ১টি নাটিকা নির্মাণ সম্পন্ন হয়েছে যা কোভিড-১৯ পরবর্তী পরিস্থিতি বিবেচনায় সরকারি পরিপত্রের নির্দেশনা অনুযায়ী প্রচারের উদ্যোগ গ্রহণ করা হবে।



মোড়কাবদ্ধ খাদ্যে বাংলায় স্পষ্ট অক্ষরে লেবেল সংযুক্ত থাকবে– বিভিন্ন টিভি চ্যানেলে প্রচারিত লেবেলিং বিষয়ক জনসচেতনতামূলক টিভিসির দৃশ্য



বিভিন্ন টিভি চ্যানেলে প্রচারিত খাদ্য দ্রব্যে ক্ষতিকারক ট্রান্স ফ্যাটি এসিডের নিয়ন্ত্রণ শীর্ষক সচেতনতামূলক টিভিসির দৃশ্য

### ৫. মুজিববর্ষে ৬৪ জেলায় এলইডি মনিটরের মাধ্যমে নিরাপদ খাদ্য সংক্রান্ত প্রচারণা:

মুজিববর্ষে নিরাপদ খাদ্য বিষয়ে সচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে ৬৪ জেলায় খাদ্য অধিদপ্তরের আঞ্চলিক ও জেলা কার্যালয়ের এলইডি মনিটরের মাধ্যমে খাদ্যের নিরাপদতা, ভেজাল রোধ ও পুষ্টি সংক্রান্ত বিষয়ে দেশব্যাপী প্রচার করা হয়েছে। এছাড়া ঢাকা শহরের ৫টি পয়েন্টে এলইডি মনিটরের মাধ্যমে খাদ্যের নিরাপদতা, ভেজাল রোধ, পুষ্টি সংক্রান্ত বিষয়ে জনসচেতনতামূলক বিভিন্ন কার্যক্রম প্রচার করা হয়েছে।

### ৬. দেশব্যাপী নিরাপদ খাদ্য বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সভা/সেমিনার/কর্মশালা/ ক্যারাভান রোড শো আয়োজন

করোনা মহামারীতে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে ইতোমধ্যে ৪ টি বিভাগ (ঢাকা, চট্টগ্রাম, সিলেট, ময়মনসিংহ), ১৬ টি জেলা এবং **৩৮৮ টি উপজেলায়** খাদ্যের নিরাপদতা শীর্ষক জনসচেতনুলমূলক সেমিনার/ কর্মশালার আয়োজন করা হয়েছে। তাছাড়া সারাদেশে নির্বাচিত ৬০ টি উপজেলায় ডিজিটাল মনিটরের মাধ্যমে জনসচেতনতামূলক ক্যারাভান রোড শো সম্পন্ন করা হয়েছে। 'মুজিববর্ষ' এবং 'স্বাধীনতার সুবর্ণজয়ন্তী' উপলক্ষ্যে সকল উপজেলায় নিরাপদ খাদ্য বার্তা নিয়ে পৌছানোর উদ্যোগ নিয়েছে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।



মুজিববর্ষে কোভিড-১৯ এর স্বাস্থ্যবিধি অনুসরণ করে সাভারে ক্যারাভান রোড শো এর শুভ উদ্বোধন করেন বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সম্মানিত চেয়ারম্যান



নরসিংদী জেলা প্রশাসক কার্যালয়ে নিরাপদ খাদ্য বিষয়ে সচেতনতা শীর্ষক ক্যারাভান রোড শো উদ্বোধন করছেন বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সম্মানিত সদস্য জনাব মো: রেজাউল করিম



মুজিববর্ষে কোভিড-১৯ এর স্বাস্থ্যবিধি অনুসরণ করে ৪র্থ জাতীয় নিরাপদ খাদ্য দিবস ২০২১ উপলক্ষ্যে গোপালগঞ্জ জেলা প্রশাসনের 'খাদ্যের নিরাপদতা' শীর্ষক আলোচনা



মুজিববর্ষে কোভিড-১৯ এর স্বাস্থ্যবিধি অনুসরণ করে ক্যারাভান রোড শো'তে নিরাপদ খাদ্য অফিসার কর্তৃক জনসাধারণের মাঝে লিফলেট বিতরণ



নওগাঁর সাপাহারে উপজেলায় জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে "খাদ্যের নিরাপদতা শীর্ষক সেমিনার" অনুষ্ঠানে ভার্চুয়াল বক্তব্য প্রদান করছেন মাননীয় খাদ্য মন্ত্রী জনাব সাধন চন্দ্র মজুমদার, এমপি




মুজিববর্ষে কোভিড-১৯ এর স্বাস্থ্যবিধি অনুসরণ করে সুনামগঞ্জের জগন্নাথপুরে 'খাদ্যের নিরাপদতা শীর্ষক সেমিনার'-এ আলোচনা করছেন কর্তৃপক্ষের উপপরিচালক জনাব বি. এম. মশিউর রহমান।



ঝালকাঠির নলছিটি উপজেলায় আয়োজিত ক্যারাভান রোড শো চলাকালীন খাদ্য ব্যবসায়ীদের মাঝে লিফলেট বিতরণ



কালীগঞ্জ উপজেলা, ঝিনাইদহতে খাদ্যের নিরাপদতা শীর্ষক ক্যারাভান রোড শো অনুষ্ঠানের শুভ উদ্বোধন ঘোষণা করেন ঝিনাইদহ -৩ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব মোঃ আনোয়ারুল আজিম (আনার)

## ৭. শিক্ষা প্রতিষ্ঠানে (ন্যূনতম ১০০) জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সভা, সেমিনার, কর্মশালা, হাত ধোয়া কর্মসূচি আয়োজন

কোভিড-১৯ এর স্বাস্থ্যবিধি অনুসরণ করে স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয় পর্যায়ের ১২ টি শিক্ষা প্রতিষ্ঠানে সভা/সেমিনার/হাত ধোয়া কর্মসূচি আয়োজন করা হয়েছে। কর্মসূচির অবশিষ্টাংশ শিক্ষা প্রতিষ্ঠান খোলা সাপেক্ষে সম্পন্ন করা হবে।



মুজিববর্ষে কোভিড-১৯ এর স্বাস্থ্যবিধি অনুসরণ করে নরসিংদী জেলায় 'হাত ধোয়া কর্মসূচি'তে স্বাস্থ্য উপকরণ বিতরণ করছেন কর্তৃপক্ষের সদস্য জনাব শাহনওয়াজ দিলরুবা খান।



বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক মুজিববর্ষে কোভিড-১৯ এর স্বাস্থ্যবিধি অনুসরণ করে কুমিল্লা জেলায় 'খাদ্য নিরাপদতা ও হাত ধোয়া কর্মসূচি'তে উপস্থিত ছাত্র-ছাত্রীদের একাংশ।

## ৮. মুজিববর্ষে জাতীয় শিশু দিবসে সুবিধাবঞ্চিত শিশুদের খাবার সরবরাহ

মুজিবর্ষে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০১তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক সুবিধাবঞ্চিত শিশুদের 'হাত ধোয়া ও নিরাপদ খাবার সরবরাহ কর্মসূচি' পালন করা হয়। 'বিদ্যানন্দ ফাউণ্ডেশন'-এর সহযোগিতা ১৭ মার্চ ২০২১ তারিখে মিরপুরের রূপনগর কমিউনিটি সেন্টারে ২০০ সুবিধাবঞ্চিত শিশুদের স্বাস্থ্যসম্মত উপায়ে হাত ধোয়ার নিয়মাবলী শেখানো হয়। পরিশেষে তাঁদের জন্য হাত ধোয়ার সরঞ্জাম ও নিরাপদ খাবার সরবরাহ করা হয়। এসময় কর্তৃপক্ষের চেয়ারম্যান জনাব মোঃ আব্দুল কাইউম সরকারসহ অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।




মুজিববর্ষে জাতীয় শিশু দিবসে সুবিধাবঞ্চিত শিশুদের 'হাত ধোয়া ও নিরাপদ খাবার সরবরাহ কর্মসূচি'তে একজন শিশুকে স্বাস্থ্যসম্মত উপায়ে হাত ধোয়া শেখানো হচ্ছে।



জাতির পিতার জন্মবার্ষিকী উপলক্ষ্যে পথশিশুদের মধ্যে নিরাপদ খাবার বিতরণ কর্মসূচি পরিদর্শন করেন কর্তৃপক্ষের চেয়ারম্যান জনাব মো: আব্দুল কাইউম সরকার

## ৯. হোটেল ও রেস্তোরাঁয় (ন্যূনতম ১০০) গ্রেডিং করে স্টিকার প্রদানঃ

ইতোপূর্বে ঢাকা শহরের গ্রেডিংকৃত ৮৭টি হোটেল/রেস্তোরাঁকে পুনরায় মূল্যায়ন করে ৩১ টি এবং দেশব্যাপী নতুন ৩০ টি সহ মোট ৬১ হোটেল/রেস্তোরাঁকে মনিটরিং এর মাধ্যমে চূড়ান্তভাবে (A+, A, A-, B ও C) গ্রেডিং করে স্টীকার প্রদান করা হয়েছে। পূর্বের ৮৭টি হোটেল/রেস্তোরাঁর মধ্যে বাকি ৫৬ টি হোটেল/রেস্তোরাঁকে পুনঃমূল্যায়নের মাধ্যমে গ্রেডিং প্রদানের জন্য মনিটরিং কার্যক্রম চলমান রয়েছে। কোভিড-১৯ জনিত কারণে অনেক হোটেল/রেস্তোরাঁকে গ্রেডিং প্রদান করা সম্ভব হয় নি।



গ্রেডিং প্রদানের পূর্বে হোটেল/রেস্তোরা মূল্যায়ন করছেন বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের কর্মকর্তাবৃন্দ



মুজিববর্ষে হোটেল/ রেস্তোরা মূল্যায়নের ভিত্তিতে গ্রেডিং প্রদান করছেন বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ আব্দুল কাইউম সরকার

## ১০. মুজিববর্ষে খাদ্যশিল্পে (ন্যূনতম ১০০) Safe Food Plan বাস্তবায়ন

করোনা মহামারীর মধ্যে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে ইতোমধ্যে ৪০টি খাদ্যশিল্পে Safe Food Plan বাস্তবায়ন সম্পন্ন হয়েছে। 'মুজিববর্ষ' এবং 'স্বাধীনতার সুবর্ণজয়ন্তী' উপলক্ষে গৃহীত কর্মসূচির অবশিষ্টাংশ কোভিড-১৯ পরিস্থিতির উন্নতি হলে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হবে।



মুজিববর্ষে ত্রিশাল উপজেলায় খাদ্য প্রতিষ্ঠানে Safe Food Plan বাস্তবায়ন মনিটরিং করছেন বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের চেয়ারম্যান জনাব মোঃ আব্দুল কাইউম সরকার ও কর্তৃপক্ষের সদস্য প্রফেসর ড. আব্দুল আলীম




বিএফএসএ 'এর প্রধান কার্যালয়ের মনিটরিং টিমের নেতৃত্বে ময়মনসিংহ জেলার ভালুকায় অবস্থিত কোকা-কোলা ইন্টা. বেভারেজ লি. Safe Food Plan বাস্তবায়ন পরিদর্শন।

## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশত বার্ষিকী 'মুজিববর্ষ' উপলক্ষ্যে আয়োজিত রচনা ও অনলাইন কুইজ প্রতিযোগিতার বিজয়ীগণ

### রচনা প্রতিযোগিতা ('ক' বিভাগ – স্কুল পর্যায়)


প্রথম
মুনতাজিম রহমান সায়মন


দ্বিতীয়
মোঃ শফিকুর রহমান


তৃতীয়
তাহসীন খান স্বপ্নীল

### রচনা প্রতিযোগিতা ('খ' বিভাগ – কলেজ পর্যায়)


প্রথম
তাসনীম তিশা


দ্বিতীয়
মোঃ তামজীদ আহমেদ


তৃতীয়
স্বপন বর্মণ

### রচনা প্রতিযোগিতা ('গ' বিভাগ – বিশ্ববিদ্যালয় পর্যায়)


প্রথম
মোঃ ইয়াছিন মিয়া


দ্বিতীয়
মোঃ সাদ্দাম হোসেন


তৃতীয়
নওশাদ আলী হৃদয়

### অনলাইন কুইজ প্রতিযোগিতা (উন্মুক্ত)


প্রথম
শংকর দয়াল শর্মা


দ্বিতীয়
মোছাঃ খাদিজা খানম


তৃতীয়
মোহাম্মদ রাফফান

# ১৮.০ জাতীয় নিরাপদ খাদ্য দিবস ও অন্যান্য দিবস উদ্‌যাপন

## ১৮.১ জাতীয় নিরাপদ খাদ্য দিবসঃ

মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার উৎসাহ ও অনুমোদনক্রমে ০২ ফেব্রুয়ারি-কে জাতীয় নিরাপদ খাদ্য দিবস হিসাবে ঘোষণা করা হয়েছে। জাতীয় নিরাপদ খাদ্য দিবসের ধারণা ইতঃপূর্বে কোন দেশে ঘোষণা করা হয়েছে বলে জানা যায় নি, তবে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিচক্ষণ নেতৃত্বে ০২ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে দেশে প্রথমবারের মত জাতীয় নিরাপদ খাদ্য দিবস পালন করা হয়। "সুস্থ-সবল জাতি চাই, পুষ্টিসম্মত খাদ্যের বিকল্প নাই" এই শ্লোগানকে সামনে রেখে ২০১৯ সালের ০২ ফেব্রুয়ারি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা উপস্থিত থেকে জাতীয় নিরাপদ খাদ্য দিবসের শুভ উদ্বোধন করেন। জাতীয় নিরাপদ খাদ্য দিবস পালনের মাধ্যমে সারাদেশে নিরাপদ খাদ্য বিষয়ে জনসচেতনা সৃষ্টি, দেশী-বিদেশী পত্র-পত্রিকা, ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়াতে ব্যাপকভাবে প্রচারিত হয়েছে এবং প্রশংসিত হয়েছে। উল্লেখ্য ২০১৮সাল হতে বাংলাদেশে জাতীয় নিরাপদ খাদ্য দিবস পালন করা হলেও আন্তর্জাতিকভাবে নিরাপদ খাদ্য দিবস প্রথম পালন করা হয় ২০১৯ সালের ৭ অক্টোবর। অর্থাৎ আন্তর্জাতিকভাবে বিশ্ব নিরাপদ খাদ্য দিবস পালনের পূর্বেই বাংলাদেশে জাতীয় নিরাপদ খাদ্য দিবস পালনের নির্দেশনা ও অনুমোদন দেশে নিরাপদ খাদ্যের উন্নয়নে মাননীয় প্রধানমন্ত্রীর ভিশনারী নেতৃত্বের স্বাক্ষর বহন করে।

### ক) বিভিন্ন বছরে পালিত জাতীয় নিরাপদ খাদ্য দিবসের প্রতিপাদ্যঃ

**বিভিন্ন বছরসমুহে জাতীয় নিরাপদ খাদ্য দিবসের প্রতিপাদ্য ছিল নিম্নরূপঃ**

| দিবস | বছর | প্রতিপাদ্য |
|---|---|---|
| প্রথম | ২০১৮ | " নিরাপদ খাদ্যে ভরবো দেশ, সবাই মিলে গড়বো সোনার বাংলাদেশ" |
| দ্বিতীয় | ২০১৯ | "সুস্থ-সবল জাতি চাই, পুষ্টিসম্মত নিরাপদ খাদ্যের বিকল্প নাই" |
| তৃতীয় | ২০২০ | "সবাই মিলে হাত মেলাই, নিরাপদ খাদ্য নিশ্চিত চাই।" |

### খ) ৪র্থ জাতীয় নিরাপদ খাদ্য দিবস উদযাপনঃ

২০২১ সালের ২ ফেব্রুয়ারি মাসে ৪র্থ বারের মতো উদযাপিত হয় জাতীয় নিরাপদ খাদ্য দিবস। মুজিববর্ষকে সামনে রেখে বৈশ্বিক মহামারীর করোনার মধ্য থেকে সীমিত পরিসরে এবারও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ দেশব্যাপী (জেলা ও উপজেলাসহ) দিবসটি উদ্‌যাপনের জন্য মাসব্যাপী নানাবিধ কর্মসূচি পালন করে।

নিম্নে ২০২১ সালে উদযাপিত ৪র্থ জাতীয় নিরাপদ খাদ্য দিবস সংশ্লিষ্ট কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ তুলে ধরা হলো-

**১. দিবসের প্রতিপাদ্য নির্ধারণঃ**

৪র্থ জাতীয় নিরাপদ খাদ্য দিবসের প্রতিপাদ্য নির্ধারণ করা হয়-

"টেকসহ উন্নয়ন-সমৃদ্ধ দেশ,
নিরাপদ খাদ্যের বাংলাদেশ"

## ২. ক্রোড়পত্র প্রনয়ণ ও প্রকাশ

জাতীয় নিরাপদ খাদ্য দিবস উপলক্ষ্যে দেশের বিভিন্ন দৈনিক পত্রিকায় মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বাণী সম্বলিত একটি বিশেষ ক্রোড়পত্র প্রকাশ করা হয়।

### এছাড়াও যাদের মূল্যবান বাণী সমৃদ্ধ করেছে দিবসের ক্রোড়পত্র:

| ক্রমিক নং | বাণী |
|---|---|
| ১ | মাননীয় মন্ত্রী, কৃষি মন্ত্রণালয় |
| ২ | মাননীয় মন্ত্রী, খাদ্য মন্ত্রণালয় |
| ৩ | সভাপতি, খাদ্য মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি |
| ৪ | সচিব, খাদ্য মন্ত্রণালয় |
| ৫ | চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ |
| এছাড়াও ক্রোড়পত্রে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষে সদস্য (খাদ্য শিল্প ও খাদ্য উৎপাদন) প্রফেসর ড. মো: আব্দুল আলীম কর্তৃক "নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অদম্য অভিযাত্রা" শীর্ষক একটি প্রবন্ধ প্রকাশিত হয়। | |

২ ফেব্রুয়ারি ২০২১ তারিখ 'জাতীয় নিরাপদ খাদ্য দিবস-২০২১' উপলক্ষ্যে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সহযোগিতায় বিশেষ ক্রোড়পত্রটি প্রকাশিত হয়।

| ক্রোড়পত্র প্রকাশ= ১৪ টি দৈনিক পত্রিকা (১২ টি বাংলা ও ২ টি ইংরেজি) | | | |
|---|---|---|---|
| ক্রমিক নং | পত্রিকার নাম | ক্রমিক নং | পত্রিকার নাম |
| ১ | দৈনিক জনকণ্ঠ | ২ | দৈনিক যুগান্তর |
| ৩ | দৈনিক আমাদের সময় | ৪ | দৈনিক সমকাল |
| ৫ | দৈনিক আমার সংবাদ | ৬ | দৈনিক আমাদের অর্থনীতি |
| ৭ | দৈনিক আমার বার্তা | ৮ | দৈনিক বাংলাদেশের আলো |
| ৯ | দৈনিক বাংলাদেশ সমাচার | ১০ | দৈনিক বাংলার নবকণ্ঠ |
| ১১ | দৈনিক আজকের সংবাদ | ১২ | দৈনিক করতোয়া |
| ১৩ | The Daily Sun | ১৪ | The Daily New Age |

## ৩. দিবসের জাতীয় অনুষ্ঠান:

খাদ্য মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ ১৮ ফেব্রুয়ারি ২০২১ তারিখে ঢাকায় জাতীয় নিরাপদ খাদ্য দিবসের মুল অনুষ্ঠান আয়োজন করে। মাননীয় প্রধানমন্ত্রী 'জাতীয় নিরাপদ খাদ্য দিবস-২০২১' উপলক্ষ্যে রাজধানীর হোটেল ইন্টারকন্টিনেন্টালে আয়োজিত জাতীয় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে গণভবন হতে ভিডিও কনফারেন্সের মাধ্যমে অংশগ্রহণ করেন এবং নিরাপদ খাদ্য বিষয়ে বিভিন্ন দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। মাননীয় প্রধানমন্ত্রীর পক্ষে খাদ্যমন্ত্রী জনাব সাধন চন্দ্র মজুমদার, এমপি রচনা ও কুইজ প্রতিযোগীতার বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

### এক নজরে জাতীয় নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের জাতীয় অনুষ্ঠান বিষয়ক তথ্য:

| ক্রমিক | বিষয় | বিবরণ |
|---|---|---|
| ০১. | তারিখ | ১৮.০২.২০২১ |
| ০২. | স্থান | হোটেল ইন্টারকন্টিনেন্টাল (গ্রান্ড বলরুম) ঢাকা |
| ০৩. | সময় | সকাল ১০:০০ |
| ০৪. | প্রধান অতিথি | **শেখ হাসিনা, এমপি**<br>মাননীয় প্রধানমন্ত্রী<br>(গণভবন প্রান্ত হতে ভার্চুয়ালি যোগদান করেন) |
| ০৫. | সভাপতি | **জনাব সাধন চন্দ্র মজুমদার, এমপি**<br>মাননীয় মন্ত্রী, খাদ্য মন্ত্রণালয় |

| ক্রমিক | বিষয় | বিবরণ |
|---|---|---|
| ০৬. | বিশেষ অতিথি | **ড. মোঃ আব্দুর রাজ্জাক, এমপি**<br>মাননীয় মন্ত্রী, কৃষি মন্ত্রণালয় |
| | | **জনাব শ. ম. রেজাউল করিম, এমপি**<br>মাননীয় মন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| ০৭. | গণভবন প্রান্ত থেকে যুক্ত | **আ হ ম মোস্তফা কামাল, এফসিএ, এমপি**<br>মাননীয় মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় |
| | | **ড. আহমদ কায়কাউস**<br>প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় |
| | | **মোঃ তোফাজ্জল হোসেন মিয়া**<br>সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় |
| ০৮. | স্বগত বক্তব্য | **ড. মোছাম্মাৎ নাজমানারা খানুম**<br>সচিব, খাদ্য মন্ত্রণালয় |
| ০৯. | অংশগ্রহণকারী | বিভিন্ন সরকারি-বেসররকারি প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয় এবং খাদ্য প্রতিষ্ঠানের সাথে সংশ্লিষ্ট ২০০ জন বিশিষ্ট ব্যক্তি |
| ১০. | মিডিয়া ও সাংবাদিক | ৬০ জন |
| ১১. | অন্যান্য কার্যক্রম | মুজিববর্ষ উপলক্ষ্যে আয়োজিত রচনা ও কুইজ প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ |
| | | আমন্ত্রিত অতিথিদের জাতীয় নিরাপদ খাদ্য দিবস উপলক্ষ্যে প্রকাশিত স্মরণিকা ও শুভেচ্ছা উপহার প্রদান |

**৪. সংবাদ সম্মেলন:**

১৭ ফেব্রুয়ারি, ২০২১ (বুধবার) বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক ঢাকার ইস্কাটনের প্রবাসী কল্যাণ ভবনে বিজয় একাত্তর হলে জাতীয় নিরাপদ খাদ্য দিবস-২০২১ উপলক্ষ্যে মাননীয় খাদ্যমন্ত্রী জনাব সাধন চন্দ্র মজুমদার, এমপি মহোদয়ের উপস্থিতিতে একটি সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। এসময় মাননীয় মন্ত্রী উপস্থিত প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকদের নিকট জাতীয় নিরাপদ খাদ্য দিবসের বিভিন্ন কর্মসূচি ও নিরাপদ খাদ্য নিয়ে সরকারের পরিকল্পনা তুলে ধরেন। সংবাদ সম্মেলনে উপস্থিত থেকে বিভিন্ন সাংবাদিকদের প্রশ্নের উত্তর প্রদান করেন খাদ্য মন্ত্রণালয়ের সম্মানিত সচিব ড. মোছাম্মৎ নাজমানারা খানুম ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সম্মানিত চেয়ারম্যান জনাব মো: আব্দুল কাইউম সরকার। এসময় মাননীয় খাদ্যমন্ত্রী দীর্ঘ মেয়াদে উন্নত এবং একটি সুস্থ জাতি জাতি গঠনে নিরাপদ খাদ্যের কোন বিকল্প নেই মর্মে অবহিত করেন এবং নিরাপদ খাদ্যের আন্দোলনে সাংবাদিকদের অবদানের ভূয়সী প্রশংসা করেন।

**৫. গোল টেবিল বৈঠক:**

চতুর্থ জাতীয় নিরাপদ খাদ্য দিবস উদযাপন উপলক্ষে ৪ ফেব্রুয়ারি (বৃহস্পতিবার), ২০২১ 'বৈশ্বিক প্যানডেমিক প্রেক্ষাপটে নিরাপদ খাদ্য' শীর্ষক এক গোলটেবিল বৈঠকে অনুষ্ঠিত হয়। বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (বিএফএসএ) ও সমকাল এ বৈঠকের আয়োজন করে। রাজধানীর তেজগাঁও শিল্প এলাকায় সমকাল কার্যালয়ের সভাকক্ষে এ বৈঠকে প্রধান অতিথি ছিলেন মাননীয় খাদ্যমন্ত্রী জনাব সাধন চন্দ্র মজুমদার, এমপি। বিশেষ অতিথি ছিলেন সম্মানিত খাদ্য সচিব ড. মোছাম্মৎ নাজমানারা খানুম ও বিশিষ্ট চিকিৎসক অধ্যাপক ডা. এবিএম আব্দুল্লাহ। বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সম্মানিত চেয়ারম্যান জনাব মো: আব্দুল কাইউম সরকারের সভাপতিত্বে এ অনুষ্ঠান সঞ্চালনা করেন সমকালের ভারপ্রাপ্ত সম্পাদক মুস্তাফিজ শফি।

এছাড়াও যারা আলোচনায় অংশগ্রহণ করেন তাদের নামের তালিকা (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)-

| ক্রমিক | নাম ও পদবী | প্রতিষ্ঠান/সংস্থা |
|---|---|---|
| ১ | ডা. মীরজাদী সেব্রিনা ফ্লোরা, অতিরিক্ত মহাপরিচালক | স্বাস্থ্য অধিদপ্তর |
| ২ | ডা. এবিএম খালেকুজ্জামান, ভারপ্রাপ্ত পরিচালক | প্রাণিসম্পদ অধিদপ্তর |
| ৩ | মোঃ রেজাউল করিম, সদস্য | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ |
| ৪ | মঞ্জুর মোর্শেদ আহমেদ, সদস্য | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ |
| ৫ | অধ্যাপক ড. নাজমা শাহীন | পুষ্টি ও খাদ্য ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয় |
| ৬ | ড. রুকসানা পারভিন, সহযোগী অধ্যাপক | শমরিতা মেডিকেল কলেজ হাসপাতাল |
| ৭ | নিয়াজউদ্দিন আহমেদ, উপপরিচালক | মৎস্য অধিদপ্তর |
| ৮ | রিয়াজুল হক, উপপরিচালক | বিএসটিআই |
| ৯ | ডা. গোলাম মহিউদ্দিন, | ক্যান্সার বিশেষজ্ঞ |
| ১০ | মোস্তাক হাসান মো. ইফতেখার | প্রতিষ্ঠাতা চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ |
| ১১ | আতাউর রহমান, সাধারণ সম্পাদক | বিসেইফ ফাউন্ডেশন |
| ১২ | আশিস সৈকত, প্রধান বার্তা সম্পাদক | ইন্ডিপেনডেন্ট টেলিভিশন |
| ১৩ | জুলফিকার রাসেল, সম্পাদক | বাংলা ট্রিবিউন |

**৬. সেমিনার আয়োজন:**

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক জাতীয় নিরাপদ খাদ্য দিবস-২০২১ এর গৃহীত কর্মসূচির আওতায় ১৮ ফেব্রুয়ারি, ২০২১ তারিখে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে "Bangabandhu"- The Inspiration of Food Safety in Bangladesh: Initiatives, Challenges and Dreams শীর্ষক একটি আন্তর্জাতিক সেমিনারের আয়োজন করা হয়। সেমিনারে মুল প্রবন্ধের উপর বিভিন্ন দেশি ও বিদেশি বিশেষজ্ঞগণ আলোচনায় অংশগ্রহণ করেন।

## এক নজরে অনুষ্ঠিত আন্তর্জাতিক সেমিনার বিষয়ক তথ্য:

| ক্রমিক | বিষয় | বিবরণ |
|---|---|---|
| ১ | তারিখ ও সময় | ১৮.০২.২০২১; দুপুর ২:৩০ |
| ২ | স্থান | হোটেল ইন্টারকন্টিনেন্টাল (গ্রান্ড বলরুম) ঢাকা |
| ৩ | প্রধান অতিথি | **জনাব সাধন চন্দ্র মজুমদার, এমপি**<br>মাননীয় মন্ত্রী, খাদ্য মন্ত্রণালয় |
| ৪ | বিশেষ অতিথি | **ড. মোছাম্মাৎ নাজমানারা খানুম**<br>সচিব, খাদ্য মন্ত্রণালয় |
| ৫ | সভাপতি | **মোঃ আব্দুল কাইয়ুম সরকার,**<br>চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ। |
| ৬ | মুল প্রবন্ধ উপস্থাপক | **অধ্যাপক ড. মো. শহীদুর রশীদ ভূঁইয়া,**<br>উপাচার্য, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, শেরেবাংলা নগর, ঢাকা। |
| ৭ | প্যানেল আলোচক | **(১) অধ্যাপক ড. জাহাঙ্গির আলম,**<br>উপাচার্য, ইউনিভার্সিটি অফ গোবাল ভিলেজ, বরিশাল। |

| ক্রমিক | বিষয় | বিবরণ |
|---|---|---|
| | | (২) জনাব আনোয়ার ফারুক,<br>সাবেক সচিব, কৃষি মন্ত্রণালয়। |
| | | (৩) ড. আতিক রহমান,<br>নির্বাহী পরিচালক, বাংলাদেশ সেন্টার ফর এডভান্সড স্ট্যাডিজ। |
| ৮ | ভার্চুয়ালি অনলাইনে যুক্ত বিদেশি বিশেষজ্ঞগণ | 1. **Dr. Bardan Jung Rana,**<br>WHO Representative |
| | | 2. **Mr. Robert Douglas Simpson,**<br>FAO Representative in Bangladesh |
| | | 3. **Mr. Sanjay Dave,**<br>Chairman, Codex Coordinating Committee for Asia |
| | | 4. **Dr. Sridhar Dharmapury,**<br>International Food Analysis Expert, FAO |
| | | 5. **Dr. Moez Sanaa,**<br>European Food Safety Authority (EFSA) |
| ৯ | সঞ্চালক | **ড. ইকবাল রউফ মামুন,**<br>অধ্যাপক, রসায়ন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়। |
| ১০ | অংশগ্রহণকারী | বিভিন্ন সরকারি-বেসররকারি প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয় এবং খাদ্য প্রতিষ্ঠানের সাথে সংশ্লিষ্ট ১০০ জন বিশিষ্ট ব্যক্তি |
| ১১ | আমন্ত্রিত অতিথিদের জাতীয় নিরাপদ খাদ্য দিবস উপলক্ষ্যে প্রকাশিত স্মরণিকা ও শুভেচ্ছা উপহার প্রদান করা হয়। | |

### ৭. বিভিন্ন খাদ্য শিল্প প্রতিষ্ঠানের প্রধান নির্বাহীদের সাথে মত বিনিময়:

জাতীয় নিরাপদ খাদ্য দিবস-২০২১ এর গৃহীত কর্মসূচির আওতায় ১৮ ফেব্রুয়ারি, ২০২১ তারিখে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক যথাযথ স্বাস্থ্যবিধি মেনে বিভিন্ন খাদ্য সংশ্লিষ্ট দেশীয়/বহুজাতিক প্রতিষ্ঠানের চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তাবৃন্দের সাথে 'নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা' বিষয়ে মত বিনিময় সভার আয়োজন করা হয়। উক্ত মতবিনিময় সভায় বিশেষ আমন্ত্রিত ছিলেন এফবিসিসিআই এর প্রধান নির্বাহী কর্মকর্তা এবং বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সাবেক চেয়ারম্যান মোহাম্মদ মাহফুজুল হক।

### এক নজরে অনুষ্ঠিত মতবিনিময় সভা বিষয়ক তথ্য:

| ক্রমিক | বিষয় | বিবরণ |
|---|---|---|
| ১ | তারিখ ও সময় | ১৮.০২.২০২১; দুপুর ৩:৩০ |
| ২ | স্থান | হোটেল ইন্টারকন্টিনেন্টাল (ক্রিস্টাল বলরুম) ঢাকা |
| ৩ | সভাপতি | **জনাব সাধন চন্দ্র মজুমদার, এমপি**<br>মাননীয় মন্ত্রী, খাদ্য মন্ত্রণালয় |
| ৪ | বিশেষ অতিথি | **ড. মোছাম্মাৎ নাজমানারা খানুম**<br>সচিব, খাদ্য মন্ত্রণালয় |
| ৫ | বিশেষ অতিথি | **মোঃ আব্দুল কাইউম সরকার,**<br>চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ। |
| ৬ | বিশেষ অতিথি | **মোহাম্মদ মাহফুজুল হক,**<br>প্রধান নির্বাহী কর্মকর্তা, এফবিসিসিআই। |
| ৭ | অংশগ্রহণকারী | বাংলাদেশ এগ্রো প্রসেসর'স এসোসিয়েশন-এর প্রতিনিধিসহ খাদ্য সংশ্লিষ্ট দেশীয়/বহুজাতিক প্রতিষ্ঠানের চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তাবৃন্দ (১২ জন) |

### ৮. পোস্টার প্রদর্শনী:

জাতীয় নিরাপদ খাদ্য দিবস-২০২১ এর ঢাকায় মূল অনুষ্ঠান চলাকালীন পার্শ্ব অনুষ্ঠান হিসেবে নিরাপদ খাদ্য বিষয়ের সাথে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/ব্যক্তিবর্গের নিকট হতে সংশ্লিষ্ট বিষয়ের উপর প্রকাশিত বৈজ্ঞানিক প্রবন্ধ প্রদর্শনের লক্ষ্যে পোস্টার আহ্বান করা হয়। প্রাপ্ত ২৮ টি পোস্টারের মধ্য থেকে গুরুত্ব, সময়োপযোগিতা এবং নিরাপদ খাদ্যের সহিত সম্পৃক্ততা উপস্থাপনের মান ইত্যাদি বিবেচনা করে ১৬ টি পোস্টার প্রদর্শনের জন্য বাছাই করা হয় এবং উক্ত ১৬ টি পোস্টারের মধ্য থেকে উপস্থাপনের ধরণ, গবেষণালব্ধ ফলাফল, নিরাপদ খাদ্যের নিমিত্ত জনসাধারনের সচেতনতামূলক নির্দেশনামূলক তথ্যাবলীর ভিত্তিতে ৪ টি পোস্টার প্রদর্শকদের পুরস্কার প্রদান করা হয়। পুরস্কার প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন খাদ্য মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব সাধন চন্দ্র মজুমদার, এমপি।

### ক) এক নজরে অনুষ্ঠিত পোস্টার প্রদর্শনী বিষয়ক তথ্য:

| ক্রমিক | বিষয় | বিবরণ |
|---|---|---|
| ১ | তারিখ ও সময় | ১৮.০২.২০২১: দিনব্যাপী |
| ২ | স্থান | হোটেল ইন্টারকন্টিনেন্টাল (গ্রান্ড বলরুম-এর সম্মুখস্থ লবি) ঢাকা |
| ৩ | প্রধান অতিথি | **জনাব সাধন চন্দ্র মজুমদার, এমপি**<br>মাননীয় মন্ত্রী, খাদ্য মন্ত্রণালয় |
| ৪ | বিশেষ অতিথি | **ড. মোছাম্মাৎ নাজমানারা খানুম**<br>সচিব, খাদ্য মন্ত্রণালয় |
| ৫ | সভাপতি | **মোঃ আব্দুল কাইউম সরকার,**<br>চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ। |
| ৬ | মোট বৈজ্ঞানিক গবেষণালব্ধ পোস্টার প্রদর্শন | **১৬ টি** |

### খ) পোস্টার প্রদর্শনীতে পুরস্কারপ্রাপ্তদের তালিকা:

| স্থান | পোস্টার টাইটেল | প্রেরণকারী প্রতিষ্ঠানের নাম ও যোগাযোগের ঠিকানা |
|---|---|---|
| প্রথম | Trans fatty acid contents in partially hydrogenated oils available in markets of Dhaka city. | **ডাঃ শেখ মুঃ মাহবুব-উস-সোবহান,**<br>কো-অর্ডিনেটর<br>ন্যাশনাল হার্ট ফাউন্ডেশান হসপিটাল এন্ড রিসার্চ ইনস্টিটিউট,<br>পট-৭/২, সেকশন-২, মিরপুর, ঢাকা |
| দ্বিতীয় | Aggression of heavy metals in food | **ড. শামসাদ বেগম কোরাইশি**<br>মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা<br>বাংলাদেশ আণবিক শক্তি কমিশন, ঢাকা। |
| তৃতীয় | Microbial contaminants in vegetables originated from farms using untreated poultry waste. | **ড. ইমদাদুল হক চৌধুরী**<br>অধ্যাপক, প্যাথোলজি বিভাগ<br>বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ |
| চতুর্থ | Impact of the evidence in reduction of lead contamination in turmeric, Bangladesh: BFSA & ICDDR'B. | **ড. মাহবুবুর রহমান,**<br>প্রজেক্ট কো অর্ডিনেটর,<br>ইমার্জিং এন্ড রি ইমার্জিং ইনফেকশনস,<br>ইনফেকশাস ডিজিজ ডিভিশন,<br>আইসিডিডিআরবি (Icddr'b), মহাখালী, ঢাকা। |

## গ) পোষ্টার প্রদর্শনীতে অন্যান্য প্রদর্শিত পোষ্টারের তালিকা:

| ক্রমিক | পোস্টার টাইটেল | প্রেরণকারী প্রতিষ্ঠানের নাম ও যোগাযোগের ঠিকানা |
|---|---|---|
| ১. | Screening of carotenoids producing bacteria and analysis of their carotenoids for food and feed industry. | **জনাব মোঃ তাইফ আলী**<br>গবেষণা কর্মকর্তা<br>বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ |
| ২. | Detrimental effects of food additives. | **জনাব শময়িতা সায়েদ**<br>লেকচারার,<br>ডিপার্টমেন্ট অফ ম্যাথমেটিকস এন্ড ন্যাচারাল সায়েন্স<br>ব্রাক ইউনিভার্সিটি |
| ৩. | Food Safety Improvement of fresh vegetables and raw fish using novel sanitizers. | **ড. লতিফুল বারী**<br>প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা<br>উচ্চতর বিজ্ঞান গবেষণা কেন্দ্র, ঢাকা বিশ্ববিদ্যালয় |
| ৪. | Effects of chocolate color on long-ev an rats. | **মোঃ আবুল কাশেম তাং**<br>চেয়ারম্যান, ফলিত পুষ্টি ও খাদ্য প্রযুক্তি বিভাগ<br>ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া |
| ৫. | Health Risk Assessment of Pesticide Residues in vegetables collected from Northern part of Bangladesh | **ড মোঃ আরিফুল ইসলাম**<br>অধ্যাপক, কৃষি রসায়ন বিভাগ<br>শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা |
| ৬. | Heavy metal contamination and Antibiotic residues in poultry feed and meat in Bangladesh | **ড. মোঃ মাহবুবুল আলম**<br>সিনিয়র প্রোগ্রাম ম্যানেজমেন্ট স্পেশালিস্ট<br>বাংলাদেশ সেন্টার ফর এডভান্সড স্টাডিজ |
| ৭. | Isolation of bacteria having potentiality to form ZnPP in meat products | **ড. মোঃ আসাদুজ্জামান**<br>সহযোগী অধ্যাপক , ডেইরী সাইন্স বিভাগ<br>শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা। |
| ৮. | The contribution of myoglobin to form ZnPP at pH 4.75 in meat products | **ড. মোফাশ্বেরা আক্তার**<br>চেয়ারম্যান ও সহযোগী অধ্যাপক<br>ডিপার্টমেন্ট অফ এনিম্যাল নিউট্রিশন, জেনেটিকস এন্ড বিডিং<br>শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা। |
| ৯. | Heavy metal contamination in dairy milk | **ড. শামসাদ বেগম কোরাইশি**<br>মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা<br>বাংলাদেশ আণবিক শক্তি কমিশন, ঢাকা। |
| ১০. | Reduction of Salmonella colonization on eggshells with the application of bacteriophages | **ড. মোঃ মজিবুর রহমান**<br>অণুজীববিজ্ঞান বিভাগ<br>ঢাকা বিশ্ববিদ্যালয়। |
| ১১. | Tetracycline antibiotics in Dairy sectors- a public health hazard | **ড. রাখী চক্রবর্তী**<br>সহযোগী অধ্যাপক ও সহযোগী পরিচালক<br>ইন্টারডিসিপিনারি ইনস্টিটিউট ফর ফুড সিকিউরিটি<br>বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ |
| ১২. | Sustainable plastic recycling by providing support to plastic industries with technologies and ideas. | **খাদেম মাহমুদ ইউসুফ**<br>ম্যানেজিং ডিরেক্টর ও সিইও<br>বাংলাদেশ পেট্রোকেমিক্যাল কো: লি: (বিপিসিএল)<br>বাড়ি নং-১৪, রোড নং-০৫, সেক্টার-১, উত্তরা |

৯. জার্নি ম্যাপঃ

১৮ ফেব্রুয়ারি ২০২১ তারিখে হোটেল ইন্টারকন্টিনেন্টালে জাতীয় নিরাপদ খাদ্য দিবস-২০২১ এর ঢাকায় মূল অনুষ্ঠান চলাকালীন বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের প্রতিষ্ঠা হতে ৬ বছরের বিভিন্ন মাইলস্টোন/ধাপ অতিক্রমকে একটি আকর্ষণীয় ম্যাপের মাধ্যমে প্রদর্শন করা হয় যা আমন্ত্রিত অতিথিদের নিকট ব্যাপকভাবে সমাদৃত হয়। কর্তৃপক্ষের সদস্য জনাব মোঃ রেজাউল করিম মহোদয়ের নেতৃত্বে একটি চৌকষ দল জার্নি ম্যাপটি তৈরিতে উল্লেখযোগ্য ভূমিকা রাখে। এটিকে কর্তৃপক্ষের একটি History Map বলা যায়।

১০. স্মরণিকা প্রকাশ ও বিতরণঃ

জাতীয় নিরাপদ খাদ্য দিবস উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রীর বাণী ও অন্যান্য মন্ত্রীবর্গের বাণী এবং প্রথিতযশা দেশি-বিদেশি লেখক ও বিজ্ঞানীদের প্রবন্ধসহ নিরাপদ খাদ্য বিষয়ক আকর্ষণীয় প্রচ্ছদসহ একটি স্মরণিকা প্রকাশ করা হয়। স্মরণিকাটি জাতীয় অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথিসহ জেলা ও উপজেলা পর্যায়ে সরকারি বিভিন্ন কর্মকর্তা ও জনপ্রতিনিধিদের নিকট (৩০০০ কপি) বিতরণ করা হয়।

## ক) যাদের মূল্যবান বাণী সমৃদ্ধ করেছে দিবসের স্মরণিকাঃ

| ক্রমিক নং | বাণী |
|---|---|
| ১ | মহামান্য রাষ্ট্রপতি |
| ২ | মাননীয় প্রধানমন্ত্রী |
| ৩ | মাননীয় মন্ত্রী, কৃষি মন্ত্রণালয় |
| ৪ | মাননীয় মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় |
| ৫ | মাননীয় মন্ত্রী, শিল্প মন্ত্রণালয় |
| ৬ | মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় |
| ৭ | মাননীয় মন্ত্রী, খাদ্য মন্ত্রণালয় |
| ৮ | মাননীয় মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয় |
| ৯ | মাননীয় মন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| ১০ | সভাপতি, খাদ্য মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি |
| ১১ | সচিব, খাদ্য মন্ত্রণালয় |
| ১২ | চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ |
| এছাড়াও ভারতের Food Safety and Standards Authority of India-এর Chief Executive Officer Mr. Arun Singhal IAS কর্তৃক "জাতীয় নিরাপদ খাদ্য দিবস" উপলক্ষ্যে বাণী প্রদান করেন যা স্মরণিকায় গুরুত্বসহকারে প্রকাশিত হয়। | |

## ক) যাদের মূল্যবান লেখায় সমৃদ্ধ হয়েছে দিবসের স্মরণিকাঃ

| ক্রমিক | লেখকের নাম ও পদবী | বিষয় |
|---|---|---|
| | বিদেশি বন্ধু ও সংস্থা | |
| 1. | **Sanjay Dave**<br>Former Chairman of Codex Alimentarius Commission, Rome; and<br>Former Advisor to the Food Safety and Standards Authority of India (FSSAI) | Food Safety Policy Proposals for Government of Bangladesh |

| ক্রমিক | লেখকের নাম ও পদবী | বিষয় |
|---|---|---|
| | **বিদেশি বন্ধু ও সংস্থা** | |
| 2. | **Ms. Natia Mgeladze**<br>Global Lead,<br>IFC Food Safety Advisory | Towards WBG and BFSA collaborative efforts in ensuring food safety in Bangladesh |
| 3. | **Mr. Richard Ragan**<br>Country Director, WFP, Bangladesh | Ensuring Food Safety Standards in Rice Fortification |
| 4. | **Mr. Robert D Simpson**<br>FAO Representative in Bangladesh | FAO helps Bangladesh to improve food safety |
| | **বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষক** | |
| 5. | **প্রফেসর ড. লুৎফুল হাসান**<br>ভাইস-চ্যান্সেলর, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ | বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ার প্রত্যয়ে নিরাপদ খাদ্য |
| 6. | **Professor Dr. M. Abul Kashem**<br>Vice-Chancellor, Hajee Mohammad Danesh Science and Technology University, Dinajpur | Safe Food for Healthy Nation |
| 7. | **অধ্যাপক ড. এম আকতারুজ্জামান**<br>পুষ্টি ও খাদ্য বিজ্ঞান ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয় | করোনা ভাইরাসের আক্রমণ এবং সুষম খাদ্য গ্রহণ |
| 8. | **প্রফেসর ড. এস. এম. রফিকুজ্জামান**<br>ফিশারিজ বায়োলজি এন্ড একোয়াটিক এনভায়রনমেন্ট বিভাগ,<br>বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর | সামুদ্রিক শৈবাল : নিরাপদ খাদ্য ও কার্যকরী পুষ্টির নবায়নযোগ্য উৎস |
| 9. | **প্রফেসর ড. কেএইচএম নাজমুল হুসাইন নাজির**<br>মাইক্রোবায়োলজি ও হাইজিন বিভাগ<br>বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ময়মনসিংহ।<br>ও সাধারণ সম্পাদক, বাংলাদেশ সোসাইটি ফর সেফ ফুড। | উৎপাদনে এগিয়েছি, পুষ্টি নিরাপত্তা এবং নিরাপদ খাদ্যে কতদূর |
| ১০. | **ড. এ. এম. সাহাবউদ্দিন ও অন্তরা ঘোষ**<br>একোয়াকালচার বিভাগ, ফিশারিজ, একোয়াকালচার এন্ড মেরিন সাইন্স অনুষদ শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় | বঙ্গোপসাগরের অপ্রচলিত মাৎস্য সম্পদ ঃ নিরাপদ খাদ্যের এক প্রাকৃতিক উৎস |
| 11. | **প্রফেসর ড. মো: হাফিজুর রহমান**<br>ফলিত পুষ্টি ও খাদ্য প্রযুক্তি বিভাগ, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া। | করোনা কালীন স্বাস্থ্য-ঝুঁকি ও নিরাপদ খাদ্য ব্যবস্থা |
| | **সরকারি বিভিন্ন প্রতিষ্ঠান/কর্মকর্তা** | |
| 12. | **ড. শেখ মোহাম্মদ বখতিয়ার**<br>নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল | নিরাপদ ও পুষ্টি সমৃদ্ধ খাদ্য নিশ্চিতকরণে বিএআরসি-র কার্যক্রম ও প্রয়োজনীয় পদক্ষেপ |
| 13. | **শেখ মুজিবর রহমান**<br>মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর | "বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ার প্রত্যয়ে খাদ্য অধিদপ্তরের ভূমিকা" |
| 14. | **মো. আসাদুল্লাহ**<br>মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | নিরাপদ ফসল উৎপাদনে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর |
| 15. | **মোঃ সায়েদুল ইসলাম**<br>চেয়ারম্যান (অতিরিক্ত সচিব), বিএডিসি | নিরাপদ খাদ্য উৎপাদনে বিএডিসি'র ভূমিকা |
| 16. | **ডাঃ আবদুল জব্বার শিকদার ১,**<br>**ড. এ. বি. এম. খালেদুজ্জামান ২ ও**<br>**ফয়সাল মেহেদী হাসান ৩**<br>মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা | টেকসই প্রাণিসম্পদ ব্যবস্থাপনার মাধ্যমে নিরাপদ প্রাণিজাত পণ্য সরবরাহ ও সমৃদ্ধির দিকে বাংলাদেশ |

| ক্রমিক | লেখকের নাম ও পদবী | বিষয় |
|---|---|---|
| | **বিদেশি বন্ধু ও সংস্থা** | |
| 17. | **ড. নাথুরাম সরকার১ ও ড. গৌতম কুমার দেব২**<br>১মহাপরিচালক ও ২বায়োটেকনোলজি বিভাগ,<br>বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, সাভার, ঢাকা | প্রাণিজ আমিষ ঃ সম্ভাবনা ও চ্যালেঞ্জ |
| 18. | **মোঃ মনজুরুল হান্নান**<br>ব্যবস্থাপনা পরিচালক<br>হর্টেক্স ফাউন্ডেশন | নিরাপদ ফসল ও সবজি উৎপাদনের মাধ্যমে রপ্তানি উন্নয়ন কার্যক্রমে হর্টেক্স ফাউন্ডেশন |
| 19. | **প্রকৌ: নিলুফা হক**<br>পরিচালক (মান), বিএসটিআই | পণ্যের মান প্রণয়ন ও নিয়ন্ত্রণে বিএসটিআই |
| 20. | Dr. Mst. Afifa Khatun and<br>Dr. Roksana Huque<br>Food Technology Division, Institute of Food and Radiation Biology, Atomic Energy Research Establishment,<br>Bangladesh Atomic Energy Commission | Addressing food safety and quality with nuclear and other complimentary techniques |
| 21. | **সমীর কুমার বিশ্বাস**<br>প্রকল্প পরিচালক, শেখ হাসিনা টেক্সটাইল ইঞ্জি. কলেজ, শিবচর, মাদারীপুর স্থাপন প্রকল্প, বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং<br>প্রাক্তন পরিচালক, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | করোনা সংকট, খাদ্য নিরাপদতা ও সুস্থ জীবনের সূত্র |
| 22. | **মো: সাইফুল ইসলাম**<br>বৈজ্ঞানিক কর্মকর্তা<br>বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট | নিরাপদ প্রাণিজ আমিষ হিসেবে মাছ উৎপাদনে করণীয় |
| 23. | **মোহাম্মদ মঞ্জুর হোসেন,**<br>তথ্য অফিসার (কৃষি), কৃষি তথ্য সার্ভিস | মাইক্রোগ্রিন- নিরাপদ এক পুষ্টির আধার |
| 24. | Dr. Nusrat Kamal Ema<br>Bangladesh Institute of Child Health<br>DGHS, Ministry of Health and Family welfare | Food Safety for children: What to Know, what to Do, what to avoid |
| | **বিশিষ্ট ব্যক্তিবর্গ/বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠান/সুশিল সমাজ** | |
| 25. | **ড. আতিউর রহমান**<br>ঢাকা বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু চেয়ার অধ্যাপক এবং<br>বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর। | চর হোক নিরাপদ খাদ্যের নির্ভরযোগ্য উৎস |
| 26. | **সিকদার আনোয়ার**<br>অবসরপ্রাপ্ত সচিব | নিরাপদ খাদ্য ব্যবস্থাপনাঃ একটি পর্যালোচনা |
| 27. | **Dr. Saleemul Huq**<br>Director of the International Centre for Climate Change and Development at the Independent University, Bangladesh. | Bangladesh can lead the world on the journey towards climate resilience |
| 28. | **Dr. Atiq Rahman,**<br>Executive Director, Bangladesh Centre for Advanced Studies &<br>**Dr. Md. Mahbubul Alam,**<br>Senior Programme Manager, BCAS | 'Good Agricultural Practice for Ensuring Food Safety in the Poultry Sector of Bangladesh' |
| 29. | **এ এফ এম ফখরুল ইসলাম মুন্সী**<br>সভাপতি, বাংলাদেশ এগ্রো-প্রসেসরস' এসোসিয়েশন (বাপা) | খাদ্যের নিরাপদতায় বাংলাদেশ এগ্রো-প্রসেসরস' এসোসিয়েশন-এর ভূমিকা |

| ক্রমিক | লেখকের নাম ও পদবী | বিষয় |
|---|---|---|
| বিদেশি বন্ধু ও সংস্থা | | |
| 30. | **আতাউর রহমান মিটন**<br>সভাপতি, বিকশিত বাংলাদেশ ফাউন্ডেশন ও সাধারণ সম্পাদক, বিসেফ ফাউন্ডেশন ও প্রতিষ্ঠাতা সদস্য, বাংলাদেশ নিরাপদ খাদ্য নেটওয়ার্ক (বিএফএসএন) | সবার জন্য নিরাপদ খাদ্য, অন্যতম জাতীয় অগ্রাধিকার |
| 31. | Md. Imrul Hasan<br>Country Lead, Food Safety Capacity Development project for Bangladesh, implemented by Kansas State university, USA and Alcumus Bangladesh Ltd., Funded by USDA & USAID.<br>Ex. National consultant: Food safety System Specialist, Food and agricultural organization of United Nations. | FOOD SAFETY: Food Handlers Need to Know |
| 32. | **জাহাংগীর আলম জনি,**<br>সাধারন সম্পাদক, বীজ বিস্তার ফাউন্ডেশান | খাদ্য নিরাপদতায় পোল্ট্রি খাত |
| বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের কর্মকর্তাবৃন্দ | | |
| 33. | **মোঃ আব্দুল কাইউম সরকার**<br>চেয়ারম্যান<br>বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে সরকারের অঙ্গীকার বাস্তবায়নে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অদম্য অগ্রযাত্রা |
| 34. | **মোঃ রেজাউল করিম,**<br>সদস্য (যুগ্মসচিব), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ। | টেকসই উন্নয়ন অভিষ্ট অর্জনে নিরাপদ খাদ্য |
| 35. | **Prof. Dr. Md Abdul Alim**<br>Member, Bangladesh Food Safety Authority | Key Challenges and Opportunities for Food Safety in Bangladesh |
| 36. | মোঃ কাওছারুল ইসলাম সিকদার<br>অতিরিক্ত পরিচালক (উপ সচিব)<br>বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ। | খাদ্য নিরাপত্তা রক্ষায় খাদ্য নিরাপদতা কি হারিয়ে যাচ্ছে? |
| 37. | **B. M. Masiur Rahman**<br>Deputy Director, Bangladesh Food Safety Authority | Concepts of migration modeling |
| 38. | **মোঃ শওকত হোসেন**<br>বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | খাদ্য নিরাপত্তা এবং খাদ্য নিরাপদতায় বাংলাদেশ |

### ১১. জাতীয় অনুষ্ঠান উপলক্ষ্যে ঢাকায় আলোকসজ্জা ও সাজসজ্জাঃ

জাতীয় নিরাপদ খাদ্য দিবস-২০২১ উপলক্ষ্যে আয়োজিত জাতীয় অনুষ্ঠানের পূর্বের দিন, অনুষ্ঠানের দিন এবং পরের দিন বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের প্রধান কার্যালয় ও অনুষ্ঠান স্থলে (হোটেল ইন্টারকন্টিনেন্টাল ঢাকা) আলোকসজ্জা করা হয়। এছাড়া অনুষ্ঠানস্থলসহ ঢাকা শহরের বিভিন্ন স্থানে ও সড়ক দ্বীপে বিলবোর্ড স্থাপন করা হয়।

### ১২. দেশব্যাপী পোস্টার বিলিঃ

জাতীয় নিরাপদ খাদ্য দিবস-২০২১ উপলক্ষ্যে ১৩২,০০০ পোষ্টার ছাপানো হয় এবং ঢাকা শহরসহ সারাদেশে (জেলা/উপজেলায়) লাগানো হয়।

### ১৩. থিম সংঃ

৪র্থ জাতীয় নিরাপদ খাদ্য দিবস-২০২১ উপলক্ষ্যে একটি মনোমুগ্ধকর থিম সং সম্বলিত ভিডিও প্রস্তুত করা হয়। কর্তৃপক্ষের সদস্য জনাব মোঃ রেজাউল করিমের পরিকল্পনায়, সচিব জনাব মোঃ আব্দুন নাসের খান ও উপপরিচালক বি.এম. মশিউর রহমান থিম সং টি প্রস্তুতে সহযোগিতা করেন।




গণভবন থেকে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে দিকনির্দেশনামূলক মূল্যবান বক্তব্য প্রদান করে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জনাব শেখ হাসিনা



বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের জার্নি ম্যাপ পরিদর্শন করছেন জনাব সাধন চন্দ্র মজুমদার, এমপি, মাননীয় মন্ত্রী, খাদ্য মন্ত্রণালয় এবং ড. মোছাম্মৎ নাজমানারা খানুম, সচিব, খাদ্য মন্ত্রণালয়



৪র্থ জাতীয় নিরাপদ খাদ্য দিবস উপলক্ষ্যে হোটেল ইন্টারকন্টিনেন্টালে আয়োজিত কেন্দ্রীয় অনুষ্ঠানের সুসজ্জিত প্রবেশ গেইট



৪র্থ জাতীয় নিরাপদ খাদ্য দিবসের মূল অনুষ্ঠান উপভোগ করছেন বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সম্মানিত চেয়ারম্যান জনাব মো: আব্দুল কাইউম সরকার



জাতীয় নিরাপদ খাদ্য দিবসের কেন্দ্রীয় অনুষ্ঠানে বক্তব্য প্রদানরত ড. মোছাম্মৎ নাজমানারা খানুম, সচিব, খাদ্য মন্ত্রণালয়



মাননীয় কৃষিমন্ত্রী ড. মো: আব্দুর রাজ্জাক, এমপি এঁর সাথে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের চেয়ারম্যানসহ উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ



নিরাপদ খাদ্য দিবসের অনুষ্ঠানের একপর্যায়ে খাদ্য মন্ত্রণালয়ের সম্মানিত সচিব ড. মোছাম্মৎ নাজমানারা খানুম এঁর সাথে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের চেয়ারম্যানসহ উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ



হোটেল ইন্টারকন্টিনেন্টালে আয়োজিত ৪র্থ জাতীয় নিরাপদ খাদ্য দিবসের উপস্থিতির রেকর্ড বইয়ে স্বাক্ষর দিচ্ছেন আমন্ত্রিত এক বিদেশি অতিথি



বিভিন্ন খাদ্য প্রতিষ্ঠানের সিইও দের সাথে মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব সাধন চন্দ্র মজুমদার, এমপি, মাননীয় মন্ত্রী, খাদ্য মন্ত্রণালয়



সিইও সম্মেলনে আমন্ত্রিত অতিথিদের বিশেষ সম্মাননা প্রদান করেন জনাব সাধন চন্দ্র মজুমদার, এমপি, মাননীয় মন্ত্রী, খাদ্য মন্ত্রণালয়



৪র্থ জাতীয় নিরাপদ খাদ্য দিবস উপলক্ষ্যে প্রস্তুতকৃত থিমসং এর দৃশ্য




৪র্থ জাতীয় নিরাপদ খাদ্য দিবস উপলক্ষ্যে আয়োজিত সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করছেন অধ্যাপক ড. মো. শহীদুর রশীদ ভূঁইয়া, উপাচার্য, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, শেরেবাংলা নগর, ঢাকা।



চতুর্থ জাতীয় নিরাপদ খাদ্য দিবস-২০২১ উপলক্ষ্যে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত স্মরণিকার প্রচ্ছদ



২ ফেব্রুয়ারি জাতীয় নিরাপদ খাদ্য দিবস-২০২১ উপলক্ষ্যে বিভিন্ন জাতীয় দৈনিকে প্রকাশের নিমিত্তে বিশেষ ক্রোড়পত্র



জাতীয় নিরাপদ খাদ্য দিবস-২০২১ উদযাপন উপলক্ষ্যে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের পথচলার পোস্টার প্রদর্শনীর স্থিরচিত্র



জাতীয় নিরাপদ খাদ্য দিবস-২০২১ উপলক্ষ্যে ১৮ ফেব্রুয়ারি অপরাহ্নে আয়োজিত সেমিনারে বক্তব্য প্রদানরত বিএফএসএ চেয়ারম্যান জনাব আব্দুল কাইউম সরকার




জাতীয় নিরাপদ খাদ্য দিবস-২০২১ উপলক্ষ্যে
প্রেস ব্রিফিং এ বক্তব্য রাখছেন
মাননীয় খাদ্যমন্ত্রী জনাব সাধন চন্দ্র মজুমদার, এমপি



বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ ও সমকালের আয়োজনে
বৈশ্বিক প্যানডামিক প্রেক্ষাপটে
নিরাপদ খাদ্য বিষয়ক গোলটেবিল বৈঠক

## ১৮.২ জাতীয় দিবস উদযাপন:

খাদ্য মন্ত্রণালয়ের সাথে সামঞ্জস্য রেখে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ বিভিন্ন জাতীয় দিবসসমুহ পালন করে থাকে। বিগত বছরে মন্ত্রণালয়ের সাথে যৌথভাবে পুষ্পস্তবক অর্পণ ও বিভিন্ন আলোচনা সভা আয়োজন করা হয়েছে। এসকল কর্মসূচিতে কর্তৃপক্ষের চেয়ারম্যানসহ অন্যান্য কর্মকর্তাগণ অংশগ্রহণ করেছেন।

## ১৮.৩. জাতীয় শিশু দিবসে সুবিধাবঞ্চিত শিশুদের খাবার সরবরাহ

মুজিবর্ষে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০১তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক সুবিধাবঞ্চিত শিশুদের 'হাত ধোয়া ও নিরাপদ খাবার সরবরাহ কর্মসূচি' পালন করা হয়। 'বিদ্যানন্দ ফাউণ্ডেশন'-এর সহযোগিতা ১৭ মার্চ ২০২১ তারিখে মিরপুরের রূপনগর কমিউনিটি সেন্টারে ২০০ সুবিধাবঞ্চিত শিশুদের স্বাস্থ্যসম্মত উপায়ে হাত ধোয়ার নিয়মাবলী শেখানো হয়। পরিশেষে তাঁদের জন্য হাত ধোয়ার সরঞ্জাম ও নিরাপদ খাবার সরবরাহ করা হয়। এসময় কর্তৃপক্ষের চেয়ারম্যান জনাব মোঃ আব্দুল কাইউম সরকারসহ অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।




১৬ ডিসেম্বর ২০২০ মহান বিজয় দিবস উদ্‌যাপন উপলক্ষে আলোচনা সভায় বক্তব্য রাখছেন মাননীয় খাদ্যমন্ত্রী জনাব সাধন চন্দ্র মজুমদার, এমপি



মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করছেন কর্তৃপক্ষের চেয়ারম্যান জনাব মোঃ আব্দুল কাইউম সরকার এবং সম্মানিত সদস্য জনাব মো: রেজাউল করিম



জাতীয় শোক দিবস উপলক্ষ্যে খাদ্যভবনে আয়োজিত শোকসভায় মাননীয় খাদ্যমন্ত্রী জনাব সাধন চন্দ্র মজুমদার, এমপি এঁর সাথে মাননীয় খাদ্যসচিব ও বিএফএসএ চেয়ারম্যান



৮মার্চ বিশ্ব নারী দিবস উপলক্ষ্যে সহকর্মী জনাব শাহনওয়াজ দিলরুবা খান এঁর সাথে ফুলেল শুভেচ্ছা বিনিময় করেন কর্তৃপক্ষের চেয়ারম্যান জনাব মোঃ আব্দুল কাইউম সরকার

## ১৮.৪. জেলা পর্যায়ে জাতীয় দিবস উদযাপন:

বিগত অর্থবছরে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের জেলা কার্যালয় স্থাপন করা হয়। স্থাপনের পরপরেই জেলা কার্যালয়গুলোকে সংশ্লিষ্ট জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে রাষ্ট্রীয় সকল কর্মসূচিতে অংশগ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। জেলা নিরাপদ খাদ্য অফিসারগণ সংশ্লিষ্ট জেলার কর্মসূচিতে অংশগ্রহণ করেছেন মর্মে প্রতিবেদন পাওয়া গিয়েছে।



১৭ ই মার্চ জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে পুষ্পস্তবক অর্পণ করছেন বিএফএসএ'র সদস্য ড. মোঃ আব্দুল আলীম



২৬ শে মার্চ মহান স্বাধীনতা দিবসে পুষ্পস্তবক অর্পণ করছেন নারায়ণগঞ্জ জেলা নিরাপদ খাদ্য অফিসার



জাতীয় নিরাপদ খাদ্য দিবস উপলক্ষ্যে ব্রাহ্মণবাড়িয়া জেলায় আয়োজিত সেমিনার



২৬ শে মার্চে পুষ্পস্তবক অর্পণ করছেন ঝিনাইদহ জেলা নিরাপদ খাদ্য অফিসার



জাতির পিতার জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে পুষ্পস্তবক অর্পণ করছেন মৌলভীবাজার জেলা নিরাপদ খাদ্য অফিসার মো. শামসুল আরেফিন



মহান বিজয় দিবস উপলক্ষ্যে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, লালমনিরহাট কর্তৃক মুক্তিযুদ্ধের স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণ ও শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদন

## ১৯.০ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA):

গত ১৯/০৭/২০২০ তারিখে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ খাদ্য মন্ত্রণালয়ের সাথে ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পাদিত হয়। চুক্তির ০৫টি কৌশলগত উদ্দেশ্য বাস্তবায়নের জন্য ২৬ টি কার্যক্রম গ্রহণ করা হয়। খাদ্য মন্ত্রণালয় কর্তৃক বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পাদনের উপর চূড়ান্ত মূল্যায়ন কার্যক্রম চলমান। তবে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের **মোট ১০০ নম্বরের মধ্যে ৯৬ নম্বর অর্জনের প্রাপ্যতা রয়েছে।**

## ১৯.১ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

### ক) বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. নিরাপদ খাদ্য প্রাপ্তি ও পুষ্টি পরিস্থিতি উন্নয়ন এবং
২. খাদ্যনীতি, কৌশল ও ব্যবস্থাপনার প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ।

### খ) আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ;
২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি;
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন;

## ১৯.২ এপিএ সংক্রান্ত সভা আয়োজন:

| ক্রমিক | সভার নাম | সভা অনুষ্ঠানের তারিখ | উপস্থিতি সংখ্যা |
|---|---|---|---|
| ১ | এপিএ টিমের ১ম মাসিক সভা | ২০ জুলাই, ২০২০ | ০৪ জন |
| ২ | এপিএ টিমের ২য় মাসিক সভা | ১০ আগস্ট, ২০২০ | ০৪ জন |
| ৩ | এপিএ টিমের ৩য় মাসিক সভা | ১৬ সেপ্টেম্বর, ২০২০ | ০৫ জন |
| ৪ | এপিএ টিমের ৪র্থ মাসিক সভা | ০৭ অক্টোবর, ২০২০ | ০৭ জন |
| ৫ | এপিএ টিমের ৫ম মাসিক সভা | ২৪ নভেম্বর, ২০২০ | ০৮ জন |
| ৬ | এপিএ টিমের ৬ষ্ঠ মাসিক সভা | ২১ ডিসেম্বর, ২০২০ | ০৭ জন |
| ৭ | এপিএ টিমের ৭ম মাসিক সভা | ১৯ জানুয়ারী, ২০২১ | ০৭ জন |
| ৮ | এপিএ টিমের ৮ম মাসিক সভা | ২৩ ফেব্রুয়ারী, ২০২১ | ০৮ জন |
| ৯ | এপিএ প্রণয়ন কমিটির সভা | ০৪ মার্চ, ২০২১ | ০৯ জন |
| ১০ | এপিএ খসড়া প্রণয়ন কমিটির সভা | ০৭ মার্চ, ২০২১ | ০৯ জন |
| ১১ | এপিএ খসড়া প্রণয়নের লক্ষ্যে আলোচনা সভা | ১০ মার্চ, ২০২১ | ৩৪ জন |
| ১২ | এপিএ টিমের ৯ম মাসিক সভা | ২২ মার্চ, ২০২১ | ০৮ জন |
| ১৩ | এপিএ টিমের ১০ম মাসিক সভা এবং এপিএ খসড়া প্রণয়ন সংক্রান্ত প্রশিক্ষণ কর্মশালা | ১৭ এপ্রিল, ২০২১ | ১২ জন |
| ১৪ | এপিএ টিমের ১১তম মাসিক সভা | ২৭ মে, ২০২১ | ০৬ জন |
| ১৫ | এপিএ টিমের ১২তম মাসিক সভা | ২৩ জুন, ২০২১ | ০৯ জন |

## ১৯.৩ এপিএ সংক্রান্ত প্রশিক্ষন আয়োজন:

| ক্রমিক | বিবরণ | সংখ্যা | তারিখ | স্থান | উপস্থিতি সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ২ | প্রশিক্ষণের সংখ্যা (১০ থেকে তদুর্ধ্ব কর্মকর্তা) | ১ | ০৩ ডিসেম্বর, ২০২০ | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের বিজয়-৭১ মিলনায়তন | ৬০ |

## ১৯.৪ এপিএ বাস্তবায়নে প্রণোদনা প্রদান (২০২০-২১)

| ক্রমিক | নাম | পদবী | অবদান |
|---|---|---|---|
| ১ | মোঃ রেজাউল করিম | সদস্য (খাদ্য ভোগ ও ভোক্তা-অধিকার) | নির্দিষ্ট সময়ের মধ্যে "নিরাপদ খাদ্য (বিজ্ঞাপন) প্রবিধানমালা, ২০২১" এর খসড়া প্রণয়নের কাজ সম্পন্ন করার জন্যে। |
| ২ | শাহনওয়াজ দিলরুবা খান | সদস্য (আইন ও নীতি) | খাদ্যে ভেজাল বিরোধী অভিযান পরিচালনা এবং শিক্ষা প্রতিষ্ঠানে হাত ধোয়া কর্মসূচি আয়োজনে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্যে। |
| ৩ | মোঃ মঞ্জুর মোর্শেদ আহমেদ | সদস্য (জনস্বাস্থ্য ও পুষ্টি) | নির্দিষ্ট সময়ের মধ্যে "নিরাপদ খাদ্য (অনুজীবীয় দূষক) প্রবিধানমালা, ২০২১" এর খসড়া প্রণয়নের কাজ সম্পন্ন করার জন্যে এবং এপিএ টিমের সভাপতি হিসেবে যথাসময়ে এপিএ বাস্তবায়নে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্যে। |
| ৪ | ড. সহদেব চন্দ্র সাহা | পরিচালক (প্রয়োগ ও প্রতিপালন) | খাদ্যে ভেজাল ও দূষণ বিরোধী অভিযান, নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে খাদ্য-স্থাপনা ও বাজার পরিদর্শন এবং বিভিন্ন হোটেল-রেস্তোরাঁ গ্রেডিং প্রদানে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্যে। |
| ৫ | নূর- ঈ-খাজা আলামিন | উপ সচিব | এপিএ ফোকাল পয়েন্ট হিসেবে যথাযথ সময়ের মধ্যে এপিএ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট দপ্তর গুলোর সাথে সমন্বয় সাধন করার জন্যে। |
| ৬ | ওয়াহিদুজ্জামান | এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট | খাদ্যে ভেজাল ও দূষণ বিরোধী অভিযান বাস্তবায়নের কাঙ্খিত লক্ষ্যমাত্রা পূরণে সহায়তা করার জন্যে। |
| ৭ | মেহরীন যারীন তাসনীম | নিরাপদ খাদ্য অফিসার (সংযুক্ত প্রধান কার্যালয়) | এপিএ সংক্রান্ত বিভিন্ন কার্যক্রমে সহায়তা করার জন্যে। |



বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সম্মানিত চেয়ারম্যান জনাব মো: আব্দুল কাইউম সরকার এর কাছ থেকে এপিএ সম্মাননা সনদ গ্রহণ করছেন কর্তৃপক্ষের পরিচালক জনাব ড. সহদেব চন্দ্র সাহা



বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনায় অসামান্য অবদানস্বরূপ বিএফএসএ এর চেয়ারম্যানের কাছ থেকে শ্রেষ্ঠ উদ্ভাবকের পুরস্কার গ্রহণ করছেন নিরাপদ খাদ্য অফিসার মেহেরীন যারিন তাসনিম

## ১৯.৫ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী ২০২০-২০২১ সালের কর্তৃপক্ষের কৌশলগত উদ্দেশ্য পূরণে লক্ষমাত্রা ও অর্জন:

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষকে অধিকতর শক্তিশালী-জনবান্ধব ও প্রায়োগিক করার জন্য নিম্নোক্ত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী কর্তৃপক্ষের কৌশলগত উদ্দেশ্য পূরণের লক্ষ্যে লক্ষমাত্রা ও প্রকৃত অর্জন নিম্নে দেয়া হলো-

| ক্রমিক | কার্যক্রম | লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন |
|---|---|---|---|
| | **কৌশলগত উদ্দেশ্য: নিরাপদ খাদ্য প্রাপ্তি ও পুষ্টি পরিস্থিতির উন্নয়ন** | | |
| ১. | খাদ্যে ভেজাল ও দূষণ বিরোধী অভিযান পরিচালনা | ১৬০ টি | ১৬১ টি |
| ২. | নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে খাদ্যস্থাপনা ও বাজার পরিদর্শন | ১৫০০০ টি | ১৬৫৫৪ টি |
| ৩. | নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে খাদ্যের মান পরীক্ষা | ২২০০ টি | ২৩৫৪ টি |
| ৪. | হোটেল / রেস্তোরাঁ গ্রেডিং প্রদান<br>(ক) নতুন হোটেল/ রেস্তোরাঁ গ্রেডিং প্রদান-৩০টি<br>(খ) গত বছরের গ্রেডিংকৃত হোটেল/ রেস্তোরাঁ পূনঃমূল্যায়ন-৩০টি) | ৬০ টি | ৬১ টি |
| ৫. | নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে সচেতনতা বৃদ্ধি (সভা/সেমিনার আয়োজন) | ২২ টি | ২৫ টি |
| ৬. | নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে টিভিসির মাধ্যমে প্রচার | ১ টি | ২ টি |
| ৭. | শিক্ষা প্রতিষ্ঠানে হাতধোয়া কর্মসূচি | ৪ টি | ৪ টি |
| ৮. | নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে খাদ্য ব্যবসায়ীদের প্রশিক্ষণ প্রদান | ৩২০ জন | ৩৫৯ জন |
| | **কৌশলগত উদ্দেশ্য: খাদ্যনীতি, কৌশল ও ব্যবস্থাপনার প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ** | | |
| ৯. | **প্রবিধানমালা প্রণয়ন:**<br>(ক) নিরাপদ খাদ্য ( অনুজীবীয় দূষক) প্রবিধানমালা, ২০২১ খসড়া প্রণয়ন।<br>(খ) নিরাপদ খাদ্য ( বিজ্ঞাপন ) প্রবিধানমালা, ২০২১ খসড়া প্রণয়ন | ২ টি | ২ টি |
| ১০. | জাতীয় নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা উপদেষ্টা পরিষদের ও কেন্দ্রীয় নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটির সভা | ২টি | ২টি |
| ১১. | আন্তঃসংস্থা সমন্বয় (সমঝোতা স্বারক স্মাক্ষর) | ১ টি | ১ টি |



বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ আব্দুল কাইউম সরকার এর কাছ থেকে এপিএ প্রণোদনা পুরষ্কার গ্রহণ করছেন জনাব মোঃ মঞ্জুর মোর্শেদ আহমেদ, সদস্য (জনস্বাস্থ্য ও পুষ্টি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ



বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনায় অসামান্য অবদানস্বরূপ বিএফএসএ এর চেয়ারম্যানের কাছ থেকে এপিএ প্রণোদনা পুরষ্কার গ্রহণ করছেন নূর- ঈ-খাজা আলামিন, উপসচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
**Bangladesh Food Safety Authority**
জীবন ও স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ খাদ্য
খাদ্য মন্ত্রণালয়

# খাদ্য স্পর্শক (Food Contact Material) উৎপাদন ও ব্যবহার সম্পর্কিত

# সতর্কীকরণ বিজ্ঞপ্তি

খাদ্য স্পর্শক হল এমন উপকরণ যা ইতোমধ্যে খাদ্য সংস্পর্শে আছে বা আসার সম্ভাবনা রয়েছে। খাদ্যের ঝুঁকি এড়াতে ও নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে খাদ্য স্পর্শকের গুরুত্ব আছে। বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক খাদ্যের নিরাপদতা রক্ষার্থে খাদ্য স্পর্শক প্রবিধানমালা, ২০১৯ (এস. আর. ও নং ২৫৭-আইন/২০১৯ তারিখ ২১ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ/০৫ আগষ্ট ২০১৯ খ্রিস্টাব্দ) জারি করা হয়েছে। খাদ্য স্পর্শক উৎপাদনকারী, আমদানিকারক, সরবরাহকারী, খাদ্য মোড়কজাতকারী, খাদ্য ব্যবসায়ী ও গ্রাহকসহ সংশ্লিষ্ট সকলকে খাদ্য স্পর্শক ক্রয় ও বিক্রয়ের ক্ষেত্রে খাদ্য স্পর্শক প্রবিধানমালা, ২০১৯ যথাযথভাবে অনুসরণ করার জন্য নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা যাচ্ছে।

১. খাদ্যে বিষক্রিয়া সৃষ্টি করে এমন খাদ্য স্পর্শক বা মোড়ক খাদ্যদ্রব্যে ব্যবহার করা যাবে না।

২. এমন কোন খাদ্য স্পর্শক বা মোড়ক ব্যবহার করা যাবে না, যা খাদ্যের রং, গন্ধ ও উপাদানের পরিবর্তন ঘটায়।

৩. খাদ্য স্পর্শক উৎপাদনে ব্যবহৃত যন্ত্রপাতি ও কাঁচামাল নিরাপদ ও স্বাস্থ্যসম্মত হতে হবে।

৪. খাদ্যের মোড়কে বা প্যাকেটে ধাতব বস্তু (স্ট্যাপলার/ সেফটি পিন) ব্যবহার করা যাবে না।

৫. খাদ্যের মোড়ক বা স্পর্শক হিসাবে নিম্নমানের ও রিসাইকেলড পলিথিন বা পুরানো খবরের কাগজ ব্যবহার করা যাবে না।

৬. গরম খাবার বা পানীয় পরিবেশনের ক্ষেত্রে নিম্নমানের ও রিসাইকেলড প্লাস্টিক কাপ/বক্স/পাত্র ব্যবহার করা যাবে না।

৭. খাদ্য স্পর্শক হতে নির্গমিত বস্তু ও বস্তু কণা অনুমোদিত সীমার মধ্যে থাকতে হবে।

৮. ভোক্তার জন্য বিভ্রান্তিকর কোনো তথ্য খাদ্য স্পর্শক বা মোড়কে উল্লেখ করা যাবে না।

৯. খাদ্য স্পর্শক ব্যবসায়ীকে খাদ্য স্পর্শক উৎপাদনের ক্ষেত্রে প্রতিপালিত শর্তাবলি, অনুমতি, মান, ফলাফল, নিরাপত্তা ও প্রক্রিয়াকরণ সংক্রান্ত নথিপত্রের মুদ্রিত বা ইলেকট্রনিক কপি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

১০. উৎস সনাক্তকরণের নিমিত্ত খাদ্য স্পর্শক উৎপাদনে ব্যবহৃত উপকরণ ক্রয়ের রশিদ বা চালান খাদ্য স্পর্শকের মেয়াদ সমাপ্ত হওয়ার ন্যূনতম ৩ (তিন) মাস পর্যন্ত সংরক্ষণ করতে হবে।

১১. খাদ্য স্পর্শক উৎপাদক বা বিপণনকারীর নাম, ঠিকানা ও রেজিস্ট্রেশন নম্বর স্পষ্টভাবে খাদ্য স্পর্শক বা মোড়কে উল্লেখ করতে হবে।

১২. নিরাপদ খাদ্য পরিদর্শক বা কর্তৃপক্ষ কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা খাদ্য স্পর্শক উৎপাদন, আমদানি ও বিতরণের যেকোনো পর্যায়ে উহার মান যাচাই এর জন্য খাদ্য স্পর্শক স্থাপনা পরিদর্শন ও নমুনা সংগ্রহ করতে পারবে।

**স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ খাদ্য আইন, ২০১৩ ও খাদ্য স্পর্শক প্রবিধানমালা, ২০১৯ (www.bfsa.gov.com হতে ডাউনলোড যোগ্য) মেনে চলুন এবং স্বাস্থ্যসম্মত নিরাপদ খাবার নিশ্চিত করুন।**

# ২০.০ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন (NIS):

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক, কর্তৃপক্ষের একজন উপসচিবকে ফোকাল পয়েন্ট নিয়োগ করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ছকে এবং মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির সুপারিশক্রমে এ কর্তৃপক্ষের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে এক বছর মেয়াদী (জুলাই ২০২০ হতে জুন, ২০২১ পর্যন্ত) সময়াবদ্ধ কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন করা হয়। কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য একটি নৈতিকতা কমিটি গঠন করা হয় এবং কার্যক্রমের লক্ষ্যমাত্রা অনুযায়ী নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয়। শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের অংশ হিসাবে ই-ফাইল কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। নাগরিক সেবা সহজীকরণের লক্ষে সিটিজেন চার্টার হালনাগাদ করে তা ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। অনলাইনে অভিযোগ গ্রহণের লক্ষে কর্তৃপক্ষের একজন কর্মকর্তাকে ফোকাল পয়েন্ট নিয়োগ করা হয়েছে। তথ্য অধিকার আইন অনুযায়ী নাগরিকদের তথ্য প্রদানের লক্ষে স্বপ্রণোদিত তথ্য অবমুক্তকরণ নির্দেশিকা, ২০২১ প্রকাশ করা হয়েছে। তথ্য প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং আপিল কর্মকর্তা নিয়োগ করা হয়েছে।

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের শুদ্ধাচার কৌশল পরিকল্পনা ২০২০-২১ এর অংশ হিসেবে সর্বমোট ৩৮টি কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। প্রণীত কর্মপরিকল্পনা অনুযায়ী ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কোয়ার্টার অগ্রগতি পরিবীক্ষণ প্রতিবেদন খাদ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। খাদ্য মন্ত্রণালয় কর্তৃক শুদ্ধাচার কৌশল পরিকল্পনা ২০২০-২১ সম্পাদনের উপর চূড়ান্ত মূল্যায়ন কার্যক্রম চলমান রয়েছে। তবে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের মোট ১০০ নম্বরের মধ্যে ১০০ নম্বরই অর্জনের প্রাপ্যতা রয়েছে। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্মপরিকল্পনা অনুযায়ী কর্তৃপক্ষের কর্মকর্তাগণের কাজের গুণগত মান মূল্যায়ন এবং কর্মকর্তাদের উত্তম চর্চার ক্ষেত্রে বিশেষ অবদান রাখছে।

## ২০.১ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত ফোকাল পয়েন্ট:

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত ফোকাল পয়েন্ট:

| কর্মকর্তার নাম ও পদবী | ঠিকানা | ফোন নম্বর | ই-মেইল নম্বর |
|---|---|---|---|
| নূর-ই-খাজা আলামিন<br>উপসচিব<br>বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | রুম নং-৫২৩ (লেভেল-৫)<br>বিএসএল অফিস কমপ্লেক্স<br>(হোটেল ইন্টারকন্টিনেন্টাল ঢাকা-এর পার্শ্বে)<br>১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, শাহবাগ, ঢাকা। | ০১৭৭১৫৭২৭৮৭ | nalamin119@gmail.com<br>ds.sdg@bfsa.gov.bd |

## ২০.২ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত কর্তৃপক্ষের নৈতিকতা কমিটি:

| ক্রমিক | নাম ও পদবী | দায়িত্ব |
|---|---|---|
| ১ | জনাব মোঃ আব্দুল কাইউম সরকার, চেয়ারম্যান | সভাপতি |
| ২ | জনাব মোঃ রেজাউল করিম, সদস্য (খাদ্য ভোগ ও ভোক্তা-অধিকার) | সদস্য |
| ৩ | জনাব মোঃ মঞ্জুর মোর্শেদ আহমেদ, সদস্য (জনস্বাস্থ্য ও পুষ্টি) | সদস্য |
| ৪ | প্রফেসর ড. মোঃ আব্দুল আলীম, সদস্য (খাদ্য শিল্প ও উৎপাদন) | সদস্য |
| ৫ | জনাব আব্দুন নাসের খান, সচিব | সদস্য |
| ৬ | জনাব আবু সাঈদ মোঃ নোমান, পরিচালক (প্রমিতমান) | সদস্য |
| ৭ | জনাব মুহম্মদ নূরে আলম সিদ্দিকী, পরিচালক (প্রশাসন ও অর্থ) | সদস্য |
| ৮ | ড. সহদেব চন্দ্র সাহা, পরিচালক (প্রয়োগ ও প্রতিপালন) | সদস্য |
| ৯ | জনাব আবদুর রহমান, পরিচালক (ভোক্তা ও ঝুঁকি) | সদস্য |
| ১০ | জনাব নূর- ই-খাজা আলামিন, উপসচিব | ফোকাল পয়েন্ট |

## ২০.৩ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির সভা:

| ক্রমিক | বিবরণ | সভার তারিখ | সদস্য সংখ্যা |
|---|---|---|---|
| ১ | নৈতিকতা কমিটির প্রথম সভা | ২৭ সেপ্টেম্বর, ২০২০ | ০৯ জন |
| ২ | নৈতিকতা কমিটির দ্বিতীয় সভা | ৩১ ডিসেম্বর, ২০২০ | ০৭ জন |
| ৩ | শুদ্ধাচার পুরস্কার প্রদান বাছাই কমিটির সভা | ২৩ মার্চ, ২০২১ | ০৫ জন |
| ৪ | নৈতিকতা কমিটির তৃতীয় সভা | ৩১ মার্চ, ২০২১ | ০৮ জন |
| ৫ | নৈতিকতা কমিটির চতুর্থ সভা | ২৮ জুন, ২০২১ | ০৫ জন |

## ২০.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন:

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ২০২০-২১ অর্থবছরে শুদ্ধাচার সংক্রান্ত একক কোন প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়নি। তবে ৯ম গ্রেডের কর্মকর্তাদের এবং ১৩-১৬ গ্রেডের কর্মচারীদের ইন হাউজ প্রশিক্ষণে শুদ্ধাচার সংক্রান্ত বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়।

## ২০.৫ কর্তৃপক্ষ কর্তৃক শুদ্ধাচার পুরস্কার প্রদান:

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ এর ১০.১ নং কার্যক্রমের আওতায় বিগত ২৯.০৩.২০২১ তারিখে ২ টি ক্যাটাগরিতে কর্তৃপক্ষের ২ জন কর্মকর্তা-কর্মচারীকে শুদ্ধাচার পুরস্কারে ভূষিত করা হয়েছে। ২০২০-২১ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীদের নামের তালিকাটি নিম্নরূপ-

| ক্রমিক | ক্যাটাগরি | নাম | পদবী |
|---|---|---|---|
| ১ | গ্রেড-১ হতে গ্রেড-১০ | মোঃ রেজাউল করিম | সদস্য (খাদ্যভোগ ও ভোক্তা অধিকার) |
| ২ | গ্রেড-১১ হতে গ্রেড-২০ | মোঃ শিবলী খান | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক |

## ২০.৬ কর্তৃপক্ষের চেয়ারম্যান মহোদয়ের খাদ্য মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত শুদ্ধাচার পুরস্কার লাভ:

